বস্তুনিষ্ঠ ও নিরপেক্ষ সংবাদের জাতীয় দৈনিক

# মানবিক বাংলাদেশ

ঢাকা রবিবার ॥ বর্ষ-২ সংখ্যা-৩৪৩ ॥ ০৬ এপ্রিল ২০২৫ ॥ ২৩ চৈত্র ১৪৩১ বাংলা ॥ ০৬ শাওয়াল ১৪৪৬ হিজরি ॥ পৃষ্ঠা ৮ ঃ মূল্য ৫ টাকা



## বাংলাদেশ-ভারত দ্বিপক্ষীয় বৈঠকটি পজিটিভ: আন্দালিব রহমান পার্থ

**ভোলা প্রতিনিধি :** বাংলাদেশ-ভারত দ্বিপক্ষীয় বৈঠকটি পজিটিভ এবং তা দেশের জন্য ভালো কিছু নিয়ে আনবে বলে মন্তব্য করেছেন বাংলাদেশ জাতীয় পার্টির (বিজেপি) চেয়ারম্যান ব্যারিস্টার আন্দালিব রহমান পার্থ। তিনি বলেন, ভারতের প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী এবং বাংলাদেশের প্রধান উপদেষ্টা ড. মুহাম্মদ ইউনূসের বৈঠকে গুরুত্বপূর্ণ বিষয় আলোচনা হয়েছে।



## সম্প্রীতি বজায় রাখুন

**বান্দরবান প্রতিনিধি :** সম্প্রীতি বজায় রাখুন, যে সম্প্রীতি আমাদের মধ্যে কোনো ভেদাভেদ সৃষ্টি করতে না পারে বলে মন্তব্য করেছেন অন্তর্বর্তী সরকারের পার্বত্য চট্টগ্রামবিষয়ক উপদেষ্টা সুপ্রদীপ চাকমা। শনিবার (৫ এপ্রিল) সকালে বান্দরবান সরকারি উচ্চ বিদ্যালয়ের ৭৫ বছর পূর্তি উদযাপন উপলক্ষে আয়োজিত বিদ্যালয় প্রাঙ্গণে প্লাটিনাম জয়ন্তী অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে বক্তব্য দেওয়ার পর সাংবাদিকদের সঙ্গে কথা বলতে গিয়ে তিনি এ কথা বলেন।



## জুলাইয়ে সরাসরি গণহত্যার মদদে ছিল ভারত: এ্যানি

**লক্ষ্মীপুর প্রতিনিধি :** বিএনপির যুগ্ম-মহাসচিব শহীদ উদ্দিন চৌধুরী এ্যানি বলেছেন, শেখ হাসিনা ভারতের সহায়তায় বাংলাদেশে ফ্যাসিস্ট ভূমিকা অবতীর্ণ করেছে। হাসিনা একদিনে ফ্যাসিস্ট হয়নি। গত ১৫-১৬ বছর যে গুম-খুন হয়েছে, সর্বশেষ জুলাই আন্দোলনে ছাত্র-জনতার ওপর গুলি বর্ষণ করা হয়েছে।

# ঈদের ছুটি শেষে স্বস্তিতে রাজধানীতে ফিরছে মানুষ



**স্টাফ রিপোর্টার :** পবিত্র ঈদুল ফিতর উপলক্ষে নাড়ির টানে বাড়ি ফেরা মানুষ রাজধানীতে ফিরতে শুরু করেছে। তবে বিগত কয়েক দিনের থেকে আজ একটু বেশি মানুষ ফিরছেন। কারণ, আজ (৬ এপ্রিল) থেকে খুলবে সব সরকারি অফিস। শনিবার (৫ এপ্রিল) রাজধানীর সদরঘাট, বিভিন্ন বাস টার্মিনাল ও কমলাপুর রেলস্টেশন ঘুরে এমন চিত্র দেখা গেছে। সরেজমিনে দেখা গেছে, গাবতলী বাস টার্মিনালে একের পর এক প্রবেশ করছে দূরপাল্লার বাস, সেখান থেকে নামছেন যাত্রীরা। বেলা বাড়ার সঙ্গে সঙ্গে এই ভিড় আরও বাড়াবে বলে ধারণা করা হচ্ছে। একইচিত্র যাত্রাবাড়ী ও সায়েদাবাদেও। তবে নেই তেমন কোনো অভিযোগ। সপরিবারে সায়েদাবাদ জনপথ মোড়ে বাস থেকে নেমেছেন আল-আমিন। তিনি বলেন, গ্রামে বাবা-মায়ের সঙ্গে সপরিবারে ঈদ করতে গিয়েছিলাম। আমি একটি বেসরকারি প্রতিষ্ঠানের হিসাবরক্ষণ বিভাগে কাজ করি। আজ থেকে আমার অফিস খুলছে। চেয়েছিলাম পরশু রওনা করে কাল ঢাকায় এসে পৌঁছাবো। পরে ভাবলাম এবারের ঈদযাত্রা তো স্বস্তির। তাছাড়া এখন পর্যন্ত চোখে কোনো ভোগান্তির খবর চোখে পড়েনি। তাই গতকাল রাতে রওনা হয়ে ভোরে এসে নামলাম। আলহামদুলিল্লাহ। সদরঘাট লঞ্চ টার্মিনালে গিয়ে দেখা যায়, প্রিয়জনদের সঙ্গে ঈদের আনন্দ ভাগাভাগি শেষে লঞ্চে মানুষ ঢাকায় ফিরছেন। ভোর থেকেই যাত্রীবোঝাই যে সব লঞ্চ ঘাটে ভিড়েছে, সবগুলোতেই যাত্রীর চাপ রয়েছে। যাত্রীরা জানান, এবারের ঈদযাত্রা ছিল ভোগান্তিহীন। এ ছাড়া ভাড়া নিয়েও তাদের কোনো অভিযোগ নেই। কমলাপুর রেলস্টেশনে বিভিন্ন ট্রেন থেকে নামা যাত্রীরা জানান, এবারের ঈদযাত্রা স্বাচ্ছন্দ্যের হয়েছে। তাই বাড়ি ফেরার মতো কর্মস্থলে ফিরতেও তাদেরকে কোনো বেগ পোহাতে হয়নি। এদিকে, দৌলতদিয়া ঘাটেও রয়েছে রাজধানীতে ফেরা মানুষের চাপ। তবে পাওয়া যায়নি কোনো ভোগান্তির খবর। প্রসঙ্গত, পবিত্র ঈদুল ফিতর উপলক্ষে সরকারি কর্মকর্তা-কর্মচারীরা এবার টানা ৯ দিনের ছুটি পান। সে অনুযায়ী, ছুটি শেষে আগামী ৬ এপ্রিল খুলবে অফিস-আদালত।

## ৯ দিনের ছুটি শেষে সরকারি অফিস খুলছে আজ

**স্টাফ রিপোর্টার :** ঈদুল ফিতর উপলক্ষে টানা নয় দিনের ছুটি শেষে সরকারি অফিস খুলছে আজ রোবব-ার। অফিস চলবে রোজার আগের সময় ধরে। গত ২৮ মার্চ থেকে গতকাল শনিবার পর্যন্ত টানা ছুটি কাটাচ্ছেন সরকারি চাকরিজীবীরা। গত ৩১ মার্চ মুসলমানদের সবচেয়ে বড় ধর্মীয় উৎসব পবিত্র ঈদুল ফিতর উদযাপিত হয়। গ্রামের বাড়িতে থাকা প্রিয়জনদের সঙ্গে ঈদের আনন্দ ভাগাভাগি করতে রেল, সড়ক ও নৌপথে রাজধানী ছেড়েছেন অসংখ্য মানুষ। কর্মজীবী মানুষ ঈদের ছুটি শেষে ঢাকায় ফিরছেন। ছুটি দীর্ঘ হওয়ায় সরকারি কর্মকর্তা-কর্মচারীদের বেশির ভাগই শনিবারের মধ্যে ঢাকায় পৌঁছাবেন বলে মনে করা হচ্ছে। রাজধানীর লঞ্চ, রেল ও বাসস্টেশনে গতকাল শনিবার দেখা গেছে কর্মস্থলে ফেরা মানুষের ভিড়। একসঙ্গে অনেক যাত্রী ফেরার কারণে রাজধানীতে ফেরা মানুষ গণপরিবহন সংকটে ভোগান্তিতে পড়েছেন। বিশেষ করে লঞ্চে সদরঘাটে নামা মানুষের ভোগান্তি বেশি। ঈদের আগে ২৮ মার্চ ছিল শবে কদরের ছুটি। এবার ২৯ মার্চ থেকে শুরু হয় ঈদুল ফিতরের ছুটি, টানা পাঁচদিনের ছুটি

২-এর পাতায় দেখুন



## বাংলাদেশের মতো সাম্প্রদায়িক সম্প্রীতি কোথাও নেই : স্বরাষ্ট্র উপদেষ্টা

**নারায়ণগঞ্জ প্রতিনিধি :** স্বরাষ্ট্র উপদেষ্টা লেফটেন্যান্ট জেনারেল (অব.) মো. জাহাঙ্গীর আলম চৌধুরী বলেছেন, আমাদের দেশে সাম্প্রদায়িক সম্প্রীতি সব সময় আছে। বাংলাদেশের মতো সাম্প্রদায়িক সম্প্রীতি কোথাও নেই। আপনারা আশপাশের দেশে দেখুন কী ধরনের অবস্থা। আমরা কিন্তু যেকোনো উৎসবে হিন্দু, মুসলমানসহ সবাই মিলে কাজ করি। শনিবার (৫ এপ্রিল) নারায়ণগঞ্জের বন্দরে লাঙ্গলবন্দ মহাঅষ্টমী স্নানোৎসব পরিদর্শন শেষে তিনি এ কথা বলেন। স্বরাষ্ট্র উপদেষ্টা বলেন, আপনারা প্রশাসনকে ধন্যবাদ দেবেন। তারা খুব ভালো কাজ করেছে। অন্যবারের চেয়ে এবার নদীর পানিও ভালো ছিল। আপনারা ধৈর্য ধরে স্নান করবেন। আমাদের সব ব্যবস্থা আছে। পুলিশ, নৌ পুলিশ, র‍্যাব, সেনাবাহি-নীসহ আইনশৃঙ্খলা রক্ষাকারী বাহিনী আপনাদের সহযোগিতা করার জন্য প্রস্তুত আছে। তিনি আরও বলেন, আমাদের এখানে হিন্দু, মুসলমান, বৌদ্ধ, খ্রিস্টান কারো কোনো ভেদাভেদ নেই। আমরা সবাই মানুষ। বাংলাদেশি হিসেবে আমরা পরিচিত। কোথাও ধর্মীয় ভাবগাম্ভীর্য যেন নষ্ট না হয় সেদিকে আমাদের খেয়াল রাখতে হবে।

## রোহিঙ্গাদের আগামী বছরের মধ্যে পাঠানো যাবে কি না বলা যাচ্ছে না: প্রেস সচিব

**স্টাফ রিপোর্টার :** আগামী বছরের মধ্যে রোহিঙ্গাদের তাদের মাতৃভূমিতে ফেরত পাঠানো যাবে কি না তা নিশ্চিতভাবে বলা যাচ্ছে না বলে মন্তব্য করেছেন প্রধান উপদেষ্টার প্রেস সচিব শফিকুল আলম। শনিবার (৫ এপ্রিল) সকালে নিজের ফেসবুকে দেওয়া এক স্ট্যাটাসে তিনি এ মন্তব্য করেন। শফিকুল আলম বলেন, বার্মিজ সামরিক জান্তাকে খুশি করার জন্য তথাকথিত 'মাদার অব হিউম্যানিটি'র ঘনিষ্ঠ চাটুকার ও কিছু কূটনীতিক রোহিঙ্গাদের জন্য এক নতুন নাম তৈরি করেছিলেন FDMN, অর্থাৎ 'জোরপূর্বক বাস্তুচ্যুত মিয়ানমার নাগরিক'। তিনি আরও বলেন, এই শব্দটি আসলে বার্মিজ গণহত্যার মূল আখ্যানকে মেনে নেওয়ার একটি কৌশল, যেখানে রোহিঙ্গাদের অস্তিত্বই অস্বীকার করা হয়। কিন্তু বাস্তবতা

২-এর পাতায় দেখুন

## পাঠ্যবইয়ে নিম্নমানের কাগজ আর নয় বাধ্যতামূলক হচ্ছে জলছাপ

**স্টাফ রিপোর্টার :** পাঠ্যবই ছাপা ও বিতরণ ঘিরে বিতর্ক-সমালোচনার শেষ নেই। বইয়ে কতটা মানসম্মত গল্প-কবিতা, প্রবন্ধ রয়েছে; তার চেয়েও বেশি নজর থাকে কাগজ ও ছাপার মানের দিকে। প্রতি বছরই শিক্ষার্থীদের হাতে নিম্নমানের কাগজের বই দেওয়ার অভিযোগ ওঠে। অভিভাবক, শিক্ষক থেকে শুরু করে বিভিন্ন মহলের তীর্যক সমালোচনার মুখে পড়তে হয় জাতীয় শিক্ষাক্রম ও পাঠ্যপুস্তক বোর্ডকে (এনসিটিবি)। সেই সমালোচনা এড়াতে এবার পাঠ্যবইয়ের কাগজে জলছাপ দেওয়া বাধ্যতামূলক করতে চায় প্রতিষ্ঠানটি। তাতে বইয়ের প্রতিটি পাতায় থাকবে এনসিটিবির লোগো সংবলিত জলছাপ। কাগজ হবে অফ হোয়াইট। পাঠ্যপুস্তক বোর্ড সূত্র জানায়, ২০২৬ শিক্ষাবর্ষের বই ছাপার কার্যক্রম এপ্রিল-মে মাস থেকে শুরু করতে চায় এনসিটিবি। পাঠ্যবই ছাপা ঘিরে সংকট ও সমালোচনা এড়াতে দুই ডজন শর্তারোপ করতে যাচ্ছে প্রতিষ্ঠানটি। তার মধ্যে জলছাপযুক্ত কাগজে বই ছাপা অন্যতম। এ নিয়ে ছাপাখানা ও কাগজের মিলমালিকসহ অংশীজনদের সঙ্গে একাধিক বৈঠকও করেছেন পাঠ্যপুস্তক বোর্ডের কর্মকর্তারা। জলছাপযুক্ত কাগজে বই ছাপতে আগ্রহী



অধিকাংশ ছাপাখানার মালিক। তবে কাগজের মিলমালিক ও কিছু ছাপাখানার মালিক এ উদ্যোগের বিরোধিতা শুরু করেছেন। পাঠ্যপুস্তক বোর্ডের সভায় বসেই বিষয়টি নিয়ে আপত্তিকর মন্তব্য করেছেন। তবে যে কোনো উপায়ে জলছাপযুক্ত কাগজে পাঠ্যবই ছাপানোর উদ্যোগ বাস্তবায়ন করতে চায় এনসিটিবি। প্রয়োজনে বিদেশ থেকে কাগজ আমদানি করা হবে বলে জানিয়েছেন শিক্ষা মন্ত্রণালয়ের সংশ্লিষ্ট কর্মকর্তারা। খোঁজ নিয়ে জানা যায়, সরকার শতচেষ্টা করেও পাঠ্যবইয়ে নিম্নমানের কাগজের ব্যবহার ঠেকাতে পারছে

২-এর পাতায় দেখুন

## জুলাই আন্দোলনে নারীদের ওপর যৌন সহিংসতার তথ্য পেয়েছে জাতিসংঘ

**স্টাফ রিপোর্টার :** জুলাই অভ্যুত্থানের সময় নারী আন্দোলনকারীদের বিরুদ্ধে যৌন ও লিঙ্গভিত্তিক সহিংসতা চালানো হয়, যার মধ্যে শারীরিক নির্যাতন, কিছু নথিভুক্ত ঘটনায় ধর্ষণের হুমকি এবং শারীরিক যৌন নিপীড়নও অন্তর্ভুক্ত ছিল। এসব হামলা ঘটিয়েছে আওয়ামী লীগের লোকেরা। কিছু নারীকে বেআইনিভাবে আটক, নির্যাতন ও অমানবিক আচরণের শিকার হতে হয়। মূলত, নারীদের ভয় দেখিয়ে আন্দোলন থেকে দূরে রাখা এবং আন্দোলনে তাদের ভূমিকা দুর্বল করাই এসব সহিংসতার উদ্দেশ্য ছিল। বাংলাদেশে ২০২৪ সালের জুলাই-আগস্টে সংঘটিত ঘটনাপ্রবাহ নিয়ে জাতিসংঘের মানবাধিকারবিষয়ক হাইকমিশনারের দপ্তরের (ওএইচসিএইচআর) তথ্যানুসন্ধানে এমন তথ্য উঠে এসেছে। গত ১২

২-এর পাতায় দেখুন




## সুপ্রিম কোর্ট সচিবালয় প্রতিষ্ঠার দ্বারপ্রান্তে: প্রধান বিচারপতি

**স্টাফ রিপোর্টার :** সুপ্রিম কোর্ট সচিবালয় প্রতিষ্ঠার দ্বারপ্রান্তে রয়েছে বলে জানিয়েছেন প্রধান বিচারপতি ড. সৈয়দ রেফাত আহমেদ। তিনি বলেন, পৃথক সচিবালয় বিচার বিভাগের প্রাতিষ্ঠানিক স্বাধীনতা ও স্বায়ত্তশাসন নিশ্চিত করতে সহায়ক হবে। বাংলাদেশ সুপ্রিম কোর্ট ও ইউএনডিপির যৌথ উদ্যোগে ৫ এপ্রিল শনিবার রংপুরের জি এল রয় রোডস্থ গ্র?্যান্ড প্যালেস হোটেলে এক রিজিওনাল সেমিনার প্রধান অতিথির বক্তব্যে তিনি এ মন্তব্য করেন। বিচার বিভাগের স্বাধীনতা নিশ্চিতকরণসহ বিচারসেবা প্রদানে দক্ষতা বৃদ্ধিতে করণীয় সম্পর্কে আয়োজিত এ সেমিনারে সভাপতিত্ব করেন হাইকোর্ট বিভাগের বিচারপতি জাফর আহমেদ। সেমিনারে শুভেচ্ছা বক্তব্য দেন ইউএনডিপির আবাসিক প্রতিনিধি স্টিফান লিলার। এছাড়া, বাংলাদেশে নিযুক্ত ব্রিটিশ হাইকমিশনার সারাহ কুক সেমিনারে বিশেষ অতিথি হিসেবে বক্তব্য রাখেন। সেমিনারে রংপুর জেলার জেলা

২-এর পাতায় দেখুন

## যুক্তরাষ্ট্রের শুল্ক পুনর্বিবেচনায় যে পদক্ষেপের তাগিদ সংশ্লিষ্টদের

**স্টাফ রিপোর্টার :** বাংলাদেশের রপ্তানি পণ্যে যুক্তরাষ্ট্রের ৩৭ শতাংশ শুল্কারোপে উদ্বেগ তৈরি হয়েছে। তবে শুল্ক যুদ্ধে না জড়িয়ে যুক্তরাষ্ট্র থেকে পণ্য আমদানির ওপর বাংলাদেশের বিদ্যমান শুল্ক আরও কমানোর তাগিদ দিয়েছেন রপ্তানি খাতসংশ্লিষ্টরা। একটি জাতীয় দৈনিককে দেওয়া প্রতিক্রিয়ায় এই মতামত উঠে এসেছে। তাদের অভিমত-যুক্তরাষ্ট্র থেকে আমাদানিকৃত পণ্যের শুল্কের কাঠামো পর্যালোচনা করে কমানো হলে বৈদেশিক বাণিজ্যের ওপর তেমন নেতিবাচক প্রভাব পড়বে না। কারণ, দেশটিতে ৮ বিলিয়ন ডলারের বেশি রপ্তানি করা হলেও আমদানি হচ্ছে মাত্র ২ বিলিয়ন। এছাড়া প্রধান দুটি পণ্য (সুতা ও সয়াবিন) শূন্য শুল্কে বাংলাদেশের বাজারে রপ্তানি করা হচ্ছে। সংশ্লিষ্টদের মতে, বিদ্যমান শুল্কহার (যুক্তরাষ্ট্র থেকে আমদানির

২-এর পাতায় দেখুন

## পর্যাপ্ত খাদ্য মজুত আছে কোনও শঙ্কা নেই

### — খাদ্য ও ভূমি উপদেষ্টা

**কিশোরগঞ্জ প্রতিনিধি :** সরকারের কাছে যথেষ্ট খাদ্যশস্য মজুত রয়েছে। তাই খাদ্য নিরাপত্তা নিয়ে কোনও ধরনের শঙ্কা নেই বলে জানিয়েছেন খাদ্য ও ভূমি উপদেষ্টা আলী ইমাম মজুমদার। তিনি বলেছেন, 'গত বন্যায় আমন ধানের যে ক্ষতি হয়েছে, সে ক্ষতি পুষিয়ে নিতে সরকার খাদ্যশস্য আমদানি করছে। আর এবার হাওরসহ সারা দেশে বোরো ধানের বাম্পার ফলন হবে। সবকিছু ঠিক থাকলে খাদ্য উদ্বৃত্ত হবে। আর কৃষক যেন ফসলের ন্যায্যমূল্য পায়, তা নিশ্চিত করতে নিরলস চেষ্টা চালিয়ে যাচ্ছে।' শনিবার (৫ এপ্রিল) দুপুরে কিশোরগঞ্জের অষ্টগ্রাম উপজেলার অলওয়েদার সড়কের পাশে ভাতশালা হাওরে বোরো ধানের ফলন সরেজমিন পরিদর্শন ও জিরাতি কৃষকদের সঙ্গে মতবিনিময় সভায় তিনি এ কথা বলেন। খাদ্য উপদেষ্টা বলেন, 'কৃষক ও

২-এর পাতায় দেখুন



খাদ্য ও ভূমি উপদেষ্টা আলী ইমাম মজুমদার কিশোরগঞ্জের অষ্টগ্রামে ভাতশালায় হাওরে বোরো ধান ফলন পরিদর্শন করেন। -পিআইডি

## প্রত্যাবাসনের খবরে রোহিঙ্গাদের মাঝে স্বস্তি ড. ইউনূসের প্রশংসা

**স্টাফ রিপোর্টার :** ড. ইউনূস সরকারের প্রত্যাবাসন প্রক্রিয়ার উদ্যোগকে স্বাগত জানিয়েছে রোহিঙ্গারা। তবে, জান-মাল, ভিটে-বাড়ি এবং নাগরিক অধিকার নিশ্চিতসহ শান্তিপূর্ণ ও নিরাপদ প্রত্যাবাসনের পক্ষে রোহিঙ্গারা। উখিয়া-টেকনাফে ৩২টি ক্যাম্পে বসবাসকারী ১২ লাখ রোহিঙ্গার পক্ষে সেখানকার নেতারা জানিয়েছেন, যেকোনো সময় মিয়ানমারে ফিরতে প্রস্তুত তারা। সদ্য সমাপ্ত থাইল্যান্ডে বিমসটেক সম্মেলনের ফাঁকে মিয়ানমার জান্তা সরকারের উপপ্রধানমন্ত্রী ইউ থান শিউ বাংলাদেশের প্রধান উপদেষ্টার রোহিঙ্গা সমস্যাবিষয়ক বিশেষ প্রতিনিধি খলিলুর রহমানকে ১ লাখ ৮০ হাজার রোহিঙ্গা মিয়ানমারে ফেরত নিয়ে যাওয়ার সিদ্ধান্তের কথা জানান। চূড়ান্ত যাচাই-বাছাইয়ের পর্যায়ে আছে আরও ৭০ হাজার

২-এর পাতায় দেখুন

## দেশে কমেছে মাংসের দাম বেড়েছে সবজি ও মাছের

**স্টাফ রিপোর্টার :** ঈদের পর এখনো জমে ওঠেনি রাজধানীর কাঁচাবাজারগুলো। শনিবার সকালে কাওরান বাজারে গিয়ে দেখা যায় নেই সেই চিরচেনা ভিড়। বেশির ভাগ দোকানপাট এখনো খোলেনি। তবে শুধু এই বাজারই নয়, রাজধানীর শান্তিনগর, নিউ মার্কেটসহ অন্য কাঁচাবাজারগুলোর প্রায় একই চিত্র। সরবরাহ সংকটের অজুহাতে হঠাৎ বেড়েছে সবজির বাজার। বাড়তি মাছের দামও। পরিস্থিতি এমন- এক কেজি পাঙাশ কিনতে ক্রেতার ২০০-২২০ টাকা গুনতে হচ্ছে, যা ঈদের আগেও ১৮০-১৯০ টাকা ছিল। তবে কমেছে মুরগি ও গরুর মাংসের দাম। শনিবার (৫ এপ্রিল) রাজধানীর কাওরান বাজার, নিউ মার্কেট ও শান্তিনগর বাজারে খোঁজ নিয়ে ঈদের পরের নিত্যপণ্যের বাজারের এ চিত্র দেখা যায়। ব্যবসায়ীরা বলেছেন, পবিত্র ঈদুল ফিতরের বন্ধের কারণে অনেক মানুষ এখনো রাজধানীতে ফেরেননি। আবার অনেক ব্যবসায়ীও ঈদ করতে গ্রামের বাড়ি গেছেন। সবমিলিয়ে বাজারে কেনাবেচা কম। তবে ঈদের ছুটি শেষে এ সপ্তাহেই বাজার জমে উঠবে বলে তারা আশা করছেন। বাজার ঘুরে দেখা যায়, সবজির সরবরাহ কিছুটা কম। তাই দাম তুলনামূলক বেশি। বিশেষ করে কাঁচা মরিচ, পেঁপে, টমেটোর দাম বেড়েছে। ঈদের আগে প্রতি কেজি টমেটো ২০ থেকে ২৫ টাকার মধ্যে পাওয়া গেলেও শনিবার তা ৪০ থেকে ৫০



২-এর পাতায় দেখুন

## তিন ক্যাটাগরিতে হবে এনআইডি সংশোধন

**স্টাফ রিপোর্টার :** জাতীয় পরিচয়পত্র (এনআইডি) সংক্রান্ত আবেদন এখন থেকে আর ঢালাওভাবে নিষ্পত্তির জন্য বিবেচনা করবে না নির্বাচন কমিশন (ইসি)। এক্ষেত্রে প্রবাসী, সরকারি চাকরিজীবী ও সাধারণ ক্যাটাগরিতে আবেদনগুলো বিন্যাস করে নিষ্পত্তি করা হবে। ইসি কর্মকর্তারা জানিয়েছেন, ঢালাওভাবে বিবেচনায় নিলে অনেক ক্ষেত্রে অপেক্ষাকৃত বেশি সময় লেগে যায়। এই ব্যবস্থার ফলে যা সহজ হবে। উদাহরণ হিসেবে বলা যায়, সরকারি চাকরিজীবীদের সার্ভিস বুক থাকে। তাই তাদের আবেদনের সত্যতা সহজেই যাচাই করা যায়। আবার

২-এর পাতায় দেখুন

## সরিষাবাড়ীতে বৃদ্ধ পিতার হাত-পা ভেঙ্গে দেয়ায় ছোট ভাই কুপালো বড় ভাইকে

**জামালপুর প্রতিনিধি :** সরিষাবাড়ী উপজেলার আওনা ইউনিয়নের স্থল পূর্বপাড়া গ্রামে পারিবারিক কলহের জেরে বৃদ্ধ পিতা সুরুজ মিয়া (৭০)-কে লাঠি দিয়ে পিটিয়ে হাত-পা ভেঙ্গে দিয়েছে তারই বড় ছেলে আওনা ইউনিয়ন ছাত্রদলের সাবেক সভাপতি ও যুবদল নেতা মোয়াজ্জেম হোসেন। এ ঘটনায় আহত সুরুজ মিয়ার ছোট ছেলে জিটুল রাগে-ক্ষোভে তার বড় ভাই মোয়াজ্জেম হোসেনকে বটি দিয়ে কুপিয়ে মারাত্মক আহত করেছে। ঘটনাটি ঘটেছে ৩ এপ্রিল বৃহস্পতিবার বিকালে উপজেলার আওনা ইউনিয়নের স্থল পূর্বপাড়া গ্রামে। এ নিয়ে এলাকাবাসীর মধ্যে মিশ্র প্রতিক্রিয়া দেখা দিয়েছে। জানা যায়, বৃদ্ধ সুরুজ মিয়া তার সন্তানদের নিকট থেকে কোন ভরণপোষণ না পেয়ে দীর্ঘদিন ধরে ভিক্ষাবৃত্তি করে জীবনযাপন করে আসছিল। তার ভিক্ষাবৃত্তিকে ভালো চোখে না দেখে তার ছেলে মোয়াজ্জেম হোসেন সুরুজ মিয়াকে ভ ভিক্ষাবৃত্তি নিষেধ করে আসছিল। ঐদিন বিকালে সাবেক ছাত্রদল নেতা মোয়াজ্জেম হোসেন লাঠি দিয়ে এলোপাতাড়ি পিটিয়ে বৃদ্ধ পিতা সুরুজ মিয়ার হাত-পা ভেঙ্গে দেয়। এরই প্রতিবাদে সুরুজ মিয়ার ছোট ছেলে জিটুল রাগে-ক্ষোভে তার বড় ভাই মোয়াজ্জেম হোসেনকে বটি দিয়ে কুপিয়ে আহত করে। বর্তমানে বৃদ্ধ সুরুজ মিয়া ময়মনসিংহ হাসপাতালে চিকিৎসাধীন রয়েছে। অপরদিকে যুবদল নেতা মোয়াজ্জেম হোসেন সরিষাবাড়ী উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স থেকে প্রাথমিক চিকিৎসা নিয়ে তার নিজ বাড়ীতে অবস্থান করছে। এ বিষয়ে আওনা ইউনিয়ন পরিষদের প্যানেল চেয়ারম্যান মিনারা বেগম মুঠোফোনে জানান, বৃদ্ধ সুরুজ মিয়াকে তার ছেলে মোয়াজ্জেম হোসেন অন্যায়ভাবে মেরে হাত-পা ভেঙ্গে দিয়েছে এ খবর শুনেছি। এ ব্যাপারে সরিষাবাড়ী থানার অফিসার ইনচার্জ(ওসি) চাঁদ মিয়া বলেন আমাকে কেউ কোন অভিযোগ দেয়নি। অভিযোগ পেলে আইনগত প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা হবে।

## ভূমিকম্পে কাঁপল ভারত-নেপাল-পাপুয়া নিউ গিনি

**আন্তর্জাতিক ডেস্ক :** এশিয়া অঞ্চলে একের পর এক ভূমিকম্প হচ্ছে। মিয়ানমার, থাইল্যান্ড, জাপানের পর এবার কাঁপল ভারত ও দক্ষিণ এশিয়ার দেশ নেপাল। তাৎক্ষণিকভাবে ভূমিকম্পে হতাহতের খবর পাওয়া যায়নি। স্থানীয় সময় শুক্রবার (৪ এপ্রিল) রাতে দেশ দুইটিতে ভূ-কম্পন অনুভূত হয়। ভূমিকম্প পর্যবেক্ষণ ও গবেষণা কেন্দ্র বলছে, রিখটার স্কেলে ভূমিকম্পের মাত্রা ছিল ৫.২। ভূমিকম্পটির উৎপত্তিস্থল ছিল কাঠমান্ডু থেকে প্রায় ৫২৫ কিলোমিটার পশ্চিমে অবস্থিত জাজারকোটের পাইক এলাকায়। ভূপৃষ্ঠ থেকে এর গভীরতা ছিল ২০

২-এর পাতায় দেখুন



## ক্রেতা সংকটে কমেছে দেশি ফলের দাম

**স্টাফ রিপোর্টার :** রমজানে বিদেশি ফলের পাশাপাশি নানান জাতের দেশি ফলের চাহিদা বাড়ে। ফলে দামও বাড়ে। তবে ঈদের পর কিছুটা কমেছে দেশি ফলের দাম। গতকাল শনিবার (৫ এপ্রিল) রাজধানীর মিরপুর-১ নম্বর কাঁচাবাজার, মিরপুর-১০ ফলপট্টি, কচুক্ষেত বাজারসহ আশপাশের কয়েকটি বাজার ঘুরে এ চিত্র পাওয়া যায়। এসব বাজারে মৌসুমি ফলের সরবরাহ স্বাভাবিক, তবে ক্রেতা কম বলে জানিয়েছেন ব্যবসায়ীরা। ঢাকার বাজারে তরমুজ ৫৫ থেকে ৬০ টাকা কেজি দরে বিক্রি

২-এর পাতায় দেখুন

## গাজায় প্রতিদিন ১০০ শিশু নিহত বা আহত হচ্ছে

**আন্তর্জাতিক ডেস্ক :** ইসরায়েলের সাম্প্রতিক হামলায় গাজার আল-আহলি হাসপাতালে আহতদের চিকিৎসা দেওয়ার মতো আর কোনও জায়গা অবশিষ্ট নেই। শুক্রবার (৪ এপ্রিল) ভোর থেকে অন্তত ৩৮ জন ফিলিস্তিনি নিহত ও শতাধিক আহত হওয়ার পর হাসপাতালের পরিচালক এ কথা জানিয়েছেন। এদিকে ১৮ মার্চ যুদ্ধবিরতি ভঙ্গ করার পর থেকে গাজায় ইসরায়েলি হামলায় প্রতিদিন কমপক্ষে ১০০ শিশু হতাহত হচ্ছে বলে দাবি করেছে জাতি সংঘ। কাতারভিত্তিক সংবাদমাধ্যম আল জাজিরা এ খবর জানিয়েছে। জাতিসংঘের ফিলিস্তিনি

২-এর পাতায় দেখুন

বস্তুনিষ্ঠ ও নিরপেক্ষ সংবাদের জাতীয় দৈনিক

# মানবিক বাংলাদেশ

ঢাকা রবিবার ॥ ০৬ এপ্রিল ২০২৫ ॥ ২৩ চৈত্র ১৪৩১ বাংলা

# মিয়ানমারে ভূমিকম্পে মৃতের সংখ্যা বেড়ে ৩৩৫৪



**আন্তর্জাতিক ডেস্ক :** মিয়ানমারে ভয়াবহ ভূমিকম্পে মৃতের সংখ্যা বেড়ে দাঁড়িয়েছে ৩৩৫৪ জনে। আহত হয়েছে ৪৮৫০ জন এবং এখনও নিখোঁজ রয়েছেন ২২০ জন। শনিবার (৫ এপ্রিল) রাষ্ট্রীয় সংবাদমাধ্যমে এ তথ্য জানানো হয়েছে। একইসঙ্গে মিয়ানমার সফররত জাতিসংঘের মানবিক সহায়তা প্রধান ভূমিকম্প পরবর্তী উদ্ধার তৎপরতায় মানবিক ও সাম্প্রদায়িক দলগুলোর ভূমিকায় প্রশংসা করেছেন। ব্রিটিশ বার্তা সংস্থা রয়টার্স এ খবর জানিয়েছে। আমরাপুরায় শক্তিশালী ভূমিকম্পের পর খাবার ও ত্রাণ সামগ্রীর অভাব তীব্র আকার ধারণ করেছে। সামান্য কিছু খাবারের জন্য মানুষকে ঘণ্টার পর ঘণ্টা লাইনে দাঁড়িয়ে থাকতে দেখা গেছে। সামরিক সরকারের নেতা সিনিয়র জেনারেল মিন অং হ্লাইং একটি বিরল বিদেশ সফর শেষে রাজধানী নেপিদোতে ফিরে এসেছেন। তিনি থাইল্যান্ডের ব্যাংককে দক্ষিণ ও দক্ষিণ-পূর্ব এশিয়ার দেশগুলোর শীর্ষ সম্মেলনে যোগ দিয়েছিলেন। সেখানেই তিনি থাইল্যান্ড, নেপাল, ভুটান, শ্রীলঙ্কা এবং ভারতের নেতাদের সঙ্গে আলাদাভাবে সাক্ষাৎ করেন। মিয়ানমারের রাষ্ট্রীয় সংবাদমাধ্যম জানিয়েছে, মিন অং হ্লাইং ভারতের প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদিকে ডিসেম্বর মাসে 'স্বাধীন ও নিরপেক্ষ' নির্বাচন অনুষ্ঠানের জান্তা সরকারের পরিকল্পনা সম্পর্কে অবহিত করেছেন। ভারতের পররাষ্ট্র দপ্তরের একজন মুখপাত্র জানান, মোদি মিয়ানমারের

২-এর পাতায় দেখুন

## 'অস্বাস্থ্যকর' ঢাকার বাতাস

**স্টাফ রিপোর্টার :** বায়ুদূষণে বিশ্বের শহরগুলোর তালিকায় আজ নবম স্থানে রয়েছে বাংলাদেশের রাজধানী ঢাকা। শনিবার (৫ এপ্রিল) সকাল ৯টায় সুইজারল্যান্ডভিত্তিক বাতাসের মান পর্যবেক্ষণকারী সংস্থা আইকিউএয়ারের সূচক থেকে এ তথ্য জানা গেছে। এয়ার কোয়ালিটি ইনডেক্সে (একিউআই) ১৫২ স্কোর নিয়ে ঢাকার বাতাসের মান 'অস্বাস্থ্যকর' পর্যায়ে রয়েছে। বিশ্বের শহরগুলোর তালিকায় দূষণের শীর্ষে রয়েছে নেপালের কাঠমান্ডু (২১১)। শহরটির বাতাসের মান 'খুবই অস্বাস্থ্যকর' পর্যায়ে রয়েছে। তালিকায় দ্বিতীয় ও তৃতীয় স্থানে রয়েছে ভারতের দিল্লি (১৭৯) ও চীনের উহান (১৭১)। আইকিউএয়ারের মানদণ্ড অনুযায়ী, স্কোর শূন্য থেকে ৫০-এর মধ্যে থাকলে বায়ুর মান 'ভালো' বলে বিবেচিত হয়। ৫১ থেকে ১০০ হলে মাঝারি বা 'সহনীয়' ধরা হয় বায়ুর মান। তবে স্কোর ১০১ থেকে ১৫০ থাকলে তা 'সংবেদনশীল গোষ্ঠী'র (অসুস্থ বা শিশু-বৃদ্ধ) জন্য অস্বাস্থ্যকর হিসেবে বিবেচিত হয়। স্কোর ১৫১ থেকে ২০০ পর্যন্ত থাকলে সে বাতাস 'অস্বাস্থ্যকর' হিসেবে বিবেচিত হয়। স্কোর ২০১ থেকে ৩০০ হলে 'খুবই অস্বাস্থ্যকর' বলে বিবেচনা করা হয়। এ ছাড়া ৩০১-এর বেশি হলে তা 'ঝুঁকিপূর্ণ' বলে বিবেচিত হয়।

## ভাগাড়সহ কোনো স্থানেই ময়লা পোড়ানো যাবে না: পরিবেশ উপদেষ্টা



**স্টাফ রিপোর্টার :** ভাগাড়ে কোনোভাবেই ময়লা পোড়ানো যাবে না বলে সাফ জানিয়ে দিয়েছেন অন্তর্বর্তী সরকারের পরিবেশ ও বন উপদেষ্টা সৈয়দা রিজওয়ানা হাসান। শনিবার (৫ এপ্রিল) রাজধানীর মাতুয়াইলে স্যানিটারি ল্যান্ডফিল (ময়লার ভাগাড়) এলাকা পরিদর্শন শেষে তিনি এ কথা জানান। রিজওয়ানা হাসান বলেন, একইসঙ্গে ভাগাড়ে ব্যাটারি পোড়ানো বা ব্যাটারির সিসাও আলাদা করা যাবে না। মাতুয়াইল স্যানিটারি ল্যান্ডফিলের আশপাশের এলাকার মানুষের জীবনযাত্রা এবং স্বাস্থ্য সুরক্ষায় বিভিন্ন উদ্যোগ নেওয়া হবে। শিগগিরই এই ময়লার ভাগাড় মাতুয়াইল থেকে পুরোপুরি সরিয়ে নেওয়া সম্ভব নয় জানিয়ে তিনি আরও বলেন, পার্শ্ববর্তী দুটি স্টিলমিল বন্ধে নির্দেশ দেওয়া হবে। রাজধানী ঢাকার বায়ুর মান উন্নয়নে সরকারের পক্ষ থেকে কমিটি গঠন করা হবে বলেও এ সময় জানান উপদেষ্টা। প্রসঙ্গত, বায়ু দূষণ থেকে বাঁচতে মাতুয়াইল স্যানিটারি ল্যান্ডফিল (ময়লার ভাগার) দ্রুত সরিয়ে নেওয়ার দাবি জানিয়ে আসছেন স্থানীয়রা। সেই সঙ্গে স্বাস্থ্য সুরক্ষায় ময়লা পোড়ানো বন্ধেও দ্রুত পদক্ষেপ নেওয়ার জোর দাবি তাদের।

## চলতি মাসেই কর্মসূচি নিয়ে মাঠে নামছে বিএনপি

**স্টাফ রিপোর্টার :** আগামী সংসদ নির্বাচনের দাবিতে এপ্রিল মাস থেকেই মাঠে নামবে বিএনপি এবং তাদের সমমনা রাজনৈতিক দলগুলো । তাদের মূল লক্ষ্য হলো সরকারের ওপর চাপ সৃষ্টি করা এবং নির্বাচন আয়োজনের জন্য একটি স্পষ্ট রোডম্যাপ ঘোষণা করা। বিএনপি নেতারা দাবি করছেন, নির্বাচন সম্পর্কিত সরকারের বক্তব্যে অস্থিরতা এবং সময়ের মধ্যে পরিবর্তন দেশ ও বিদেশে নেতিবাচক বার্তা পাঠাচ্ছে। তারা প্রধান উপদেষ্টার সঙ্গে আবারও বৈঠক করবে এবং নির্বাচন শুরুর জন্য প্রয়োজনীয় সংস্কারের পর দ্রুত নির্বাচন আয়োজনের দাবি জানাবে। বিএনপি ও অন্যান্য দল নির্বাচনের জন্য সরকারের নিরপেক্ষতা আশা করছে। তারা বলছেন সরকার নির্বাচনের রোডম্যাপ না দিলে গণঅভ্যুত্থান ও জনবিক্ষোভের আশঙ্কা রয়েছে। যদি সরকারের সময় বাড়ানো হয়, তা দেশের জন্য বিপজ্জনক হতে পারে বলে মনে করছেন বিএনপি নেতারা। বিএনপি এবং অন্যান্য দলগুলো ঐকমত্যের মাধ্যমে আন্দোলন চালাবে এবং নির্বাচনের রোডম্যাপ না দেওয়া হলে আন্দোলনের তীব্রতা বাড়ানোর পরিকল্পনা রয়েছে। বিএনপির স্থায়ী কমিটির সদস্য সালাহউদ্দিন আহমেদ বলেন, রোডম্যাপ ঘোষণার জন্য এতদিন ধরে তারা সরকারের কাছে যে আহ্বান জানিয়ে আসছেন, ঈদের পর তা আরেকবার আনুষ্ঠানিকভাবে জানাতে চান। প্রধান উপদেষ্টার সঙ্গে সাক্ষাৎ করে আনুষ্ঠানিকভাবে হয়তো আহ্বান জানাব। তিনি কী পদক্ষেপ নেন এবং কী ঘোষণা দেন, তার জন্য কিছু সময় অপেক্ষা করব আমরা। এরপরও প্রত্যাশিত ঘোষণা না এলে অন্যান্য রাজনৈতিক দলের সঙ্গে আলাপ-আলোচনার



মাধ্যমে নিজেদের বক্তব্য তুলে ধরব। তিনি বলেন, প্রধান উপদেষ্টা যদি একেক সময় একেক কথা বলেন, দেখতে হবে কেন এভাবে বলছেন? আমরা আগে তার সঙ্গে কথা বলব। তার পরিপ্রেক্ষিতে তিনি কী করেন, তা দেখব। তারপর আমাদের রাজনৈতিক বক্তব্য মাঠে-ময়দানে, জনগণের কাছে কর্মসূচির মধ্য দিয়ে তুলে ধরব। এদিকে, আগামী নির্বাচন কবে অনুষ্ঠিত হবে, তা নিয়ে ধোঁয়াশা রয়েছে রাজনৈতিক অঙ্গনে। নির্বাচনের ইস্যুতে বিভিন্ন দলের মধ্যে ঐকমত্যের অভাবও দেখা যাচ্ছে। মহান স্বাধীনতা দিবস ও পবিত্র ঈদুল ফিতর উপলক্ষে জাতির উদ্দেশে দেওয়া ভাষণে প্রধান উপদেষ্টা বলেছেন, এ বছর ডিসেম্বর থেকে আগামী বছরের জুনের মধ্যে নির্বাচন হবে। বিএনপি মহাসচিব মির্জা ফখরুল ইসলাম আলমগীর বলেছেন, প্রধান উপদেষ্টার বক্তব্য অস্পষ্ট। ডিসেম্বর থেকে জুন

৭-এর পাতায় দেখুন



## কোরবানির ঈদের সম্ভাব্য তারিখ

**স্টাফ রিপোর্টার :** পবিত্র ঈদুল আজহার সম্ভাব্য তারিখ ঘোষণা করেছে মধ্যপ্রাচ্যের দেশ সংযুক্ত আরব আমিরাত। আগামী ৬ জুন (শুক্রবার) পবিত্র ঈদুল আজহা উদযাপিত হতে পারে বলে জানিয়েছে দেশটির জ্যোতির্বিদ্যা সোসাইটি। সংস্থাটি বলেছে, আগামী ২৭ মে সন্ধ্যায় হিজরি বর্ষপঞ্জিকার শেষ মাস জিলহজের চাঁদ দেখা যাবে। আর ২৮ মে হবে জিলহজের প্রথমদিন। সে হিসেবে মধ্যপ্রাচ্যে ৬ জুন শুক্রবার ঈদুল আজহা উদযাপিত হতে পারে। আমিরাত জ্যোতির্বিদ্যা সোসাইটির চেয়ারম্যান ইবরাহিম আল জারওয়ান উল্লেখ করেছেন, আরব আমিরাতে ২৭ মে সকাল ৭টা ২ মিনিটে চাঁদ উঠবে। ওইদিন সূর্যাস্তের ৩৮ মিনিট পর পর্যন্ত চাঁদটি আকাশে দৃশ্যমান থাকবে। এতে অর্ধচন্দ্রটি সহজে দেখা যাবে। যদি জ্যোতির্বিদ্যার পূর্বাভাস বহাল থাকে, তাহলে ৫ জুন বৃহস্পতিবার হবে পবিত্র হজের দিন। এর পরের দিন পালিত হবে পবিত্র ঈদুল আজহা। আর যদি ২৭ মে সন্ধ্যায় জিলহজের চাঁদ না দেখা যায় তাহলে মধ্যপ্রাচ্যে ঈদ উদযাপিত হবে ৭ জুন। সে হিসেবে হজ হবে ৬ জুন। সাধারণত মধ্যপ্রাচ্যের দেশগুলোতে যেদিন চাঁদ দেখা যায় তার পরের দিন বাংলাদেশসহ দক্ষিণ এশিয়ার অন্য দেশগুলোতে

৭-এর পাতায় দেখুন

## কর্মকর্তা-কর্মচারী দিয়ে চলছে 'নেতৃত্বহীন' বিএমএ

**স্টাফ রিপোর্টার :** কর্মকর্তা-কর্মচারী দিয়ে চলছে চিকিৎসকদের সবচেয়ে বড় সংগঠন বাংলাদেশ মেডিকেল অ্যাসোসিয়েশন (বিএমএ)। দীর্ঘ ছয় বছর মেয়াদোত্তীর্ণ কমিটি দিয়ে চললেও রাজনৈতিক পটপরিবর্তনের পর থেকে একেবারেই নেতৃত্বহীন। কবে নতুন নেতৃত্ব পাবে জানে না কেউ। জাতীয় নির্বাচন হয়ে গেলে সিদ্ধান্ত নিতে সুবিধা হতো বলে মনে করছেন চিকিৎসকরা নেতারা। জানা যায়, ২০১৬ সালের ডিসেম্বরে সবশেষ নির্বাচন হয় সংগঠনটির। ওই সময় ডা. মোস্তফা জালাল মহিউদ্দিন সভাপতি ও ডা. এহতেশামুল হক চৌধুরী দুলাল মহাসচিব নির্বাচিত হন। এই নেতৃত্ব দুই বছরের পরিবর্তে সাত বছর ক্ষমতা দখল করে রাখে। ২০২৪ সালের ফেব্রুয়ারিতে নির্বাচনের জন্য কমিশন গঠন করে এই কমিটি। পরে বিএমএ মহাসচিব ডা. মো. ইহতেশামুল হক চৌধুরী এক বিজ্ঞপ্তিতে জানান, বিএমএর কেন্দ্রীয় কাউন্সিল ও নির্বাচন ২১ সেপ্টেম্বর অনুষ্ঠিত হবে। নির্বাচন পরিচালনার জন্য পাঁচ সদস্যের কমিশনে সভাপতি হিসেবে স্বাস্থ্য অধিদপ্তরের সাবেক মহাপরিচালক ডা. শাহ মনির হোসেন এবং সম্পাদক হিসেবে দায়িত্ব পালন করবেন সাবেক পরিচালক ডা. মো. বেলাল হোসেন। নির্বাচন কমিশন অ্যাসোসিয়েশনের গঠনতন্ত্র অনুযায়ী নির্বাচন পরিচালনা ও নির্বাচনের

৭-এর পাতায় দেখুন



## ইউনূস ও মোদির বৈঠককে স্বাগত জানিয়েছেন রাষ্ট্রদূত মুশফিকুল

**স্টাফ রিপোর্টার :** মেক্সিকোয় বাংলাদেশের রাষ্ট্রদূত মুশফিকুল ফজল আনসারী প্রধান উপদেষ্টা অধ্যাপক ড. মুহাম্মদ ইউনূস এবং ভারতের প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদির মধ্যকার বৈঠককে স্বাগত জানিয়েছেন। তিনি একে বাংলাদেশ ও ভারতের সম্পর্কের জন্যে একটি 'গুরুত্বপূর্ণ মুহূর্ত' বলে বর্ণনা করেছেন তিনি তার ভেরিফাইড ফেসবুক পেইজে পোস্ট করা এক মন্তব্যে বলেছেন, 'বাংলাদেশ সার্বভৌম ও সাহসী পররাষ্ট্র নীতির মাধ্যমে বিশ্বমঞ্চে তার ন্যায্য স্থান

৭-এর পাতায় দেখুন

## দেশে ৭ জেলায় মৃদু তাপপ্রবাহ আরও বাড়তে পারে তাপমাত্রা



**স্টাফ রিপোর্টার :** দেশের সাত জেলায় মৃদু তাপপ্রবাহ বয়ে যাচ্ছে। তা অব্যাহত থাকতে পারে। পাশাপাশি চার বিভাগে বৃষ্টির আভাস রয়েছে। এ ছাড়া দিনের তাপমাত্রা আরও বাড়তে পারে। শনিবার (৫ এপ্রিল) সকাল ৯টা থেকে পরবর্তী ২৪ ঘণ্টার আবহাওয়ার পূর্বাভাসে এসব তথ্য জানায় জানায় আবহাওয়া অফিস। পূর্বাভাসে বলা হয়, শনিবার ঢাকা, ময়মনসিংহ, চট্টগ্রাম এবং সিলেট বিভাগের দু-এক জায়গায় অস্থায়ীভাবে দমকা হাওয়াসহ বজ্রসহ বৃষ্টি হতে পারে। এ ছাড়া দেশের বাকি বিভাগগুলোতে অস্থায়ীভাবে আকাশ আংশিক মেঘলা থাকতে পারে। একই সঙ্গে সারাদেশের আবহাওয়া প্রধানত শুষ্ক থাকতে পারে। তবে এই সময়ে রাজশাহী, পাবনা, সিরাজগঞ্জ, খুলনা, বাগেরহাট, পটুয়াখালী এবং রাঙ্গামাটি জেলাগুলোর ওপর দিয়ে মৃদু তাপপ্রবাহ বয়ে যাচ্ছে এবং তা অব্যাহত থাকতে পারে। এদিকে, লঘুচাপের বর্ধিতাংশ পশ্চিমবঙ্গ ও তৎসংলগ্ন এলাকা পর্যন্ত বিস্তৃত রয়েছে। মৌসুমের স্বাভাবিক লঘুচাপ দক্ষিণ বঙ্গোপসাগরে অবস্থান করছে। আজ দেশের সর্বনিম্ন তাপমাত্রা ১৭.৮ ডিগ্রি সেলসিয়াস ছিল তেঁতুলিয়ায়। গতকাল দেশের সর্বোচ্চ তাপমাত্রা ছিল ৩৬.৮ ডিগ্রি সেলসিয়াস, মোংলায়।

## ঢাকা-চট্টগ্রাম মহাসড়কে ১৫ কিলোমিটার যানজট

**স্টাফ রিপোর্টার :** হিন্দু ধর্মাবলম্বীদের বৃহৎ তীর্থ মহাষ্টমী স্নান উৎসব উপলক্ষে ঢাকা-চট্টগ্রাম মহাসড়কের নারায়ণগঞ্জ কাঁচপুর থেকে মেঘনা সেতুর টোল প্লাজা পর্যন্ত ১৫ কিলোমিটার যানজটের সৃষ্টি হয়েছে। গতকাল শনিবার সকালে মহাসড়কের ঢাকাগামী ও চট্টগ্রামগামী লেনের কাঁচপুর থেকে মেঘনা টোলপ্লাজা পর্যন্ত এমন দৃশ্য দেখা যায়। লাঙ্গলবন্দে ব্রহ্মপুত্র নদের তীরের যাত্রাকে ঘিরে লাখ লাখ মানুষের আগমনের কারণে এ যানজট তৈরি হয়েছে বলে জানিয়েছে হাইওয়ে পুলিশ। এদিকে যানজটের ফলে ভোগান্তিতে পড়েছেন কর্মস্থলে যাওয়া যাত্রীরা।জানা যায়, ঢাকা-চট্টগ্রাম মহাসড়কের মদনপুর, জাঙ্গাল, লাঙ্গলবন্দসহ কয়েকটি পয়েন্টে পুণ্যার্থীরা যানবাহন থেকে নেমে রাস্তা পারাপারের কারণে এ যানজট সৃষ্টি হয়েছে। সরেজমিন গিয়ে দেখা গেছে, তীব্র যানজটের কারণে অধিকাংশ লোককেই পায়ে হেঁটে কর্মস্থলে যেতে দেখা গেছে। অনেকেই আবার তীব্র যানজটের

৭-এর পাতায় দেখুন



প্রধান উপদেষ্টার উচ্চ প্রতিনিধি ড. খলিলুর রহমান এবং মিয়ানমারের উপ-প্রধানমন্ত্রী ও পররাষ্ট্রমন্ত্রী U Than Shew থাইল্যান্ডের ব্যাংককে অনুষ্ঠিত ৬ষ্ঠ বিমসটেক শীর্ষ সম্মেলনের সাইডলাইনে যৌথ ব্রিফিংয়ে অংশ নেন। এসময় প্রধান উপদেষ্টার প্রেস সচিব মোহাম্মদ শফিকুল আলম উপস্থিত ছিলেন । -পিআইডি

## ভারতে ওয়াকফ সংশোধনী বিল পাসে জামায়াতের নিন্দা

**স্টাফ রিপোর্টার :** ভারতে মুসলিম স্বার্থবিরোধী ওয়াকফ সংশোধনী বিল পাস ও বিজেপি সরকারের ধারাবাহিক মুসলিমবিরোধী পদক্ষেপে উদ্বেগ প্রকাশ করে নিন্দা ও প্রতিবাদ জানিয়েছে জামায়াতে ইসলামী। শনিবার (৫ এপ্রিল) এক বিবৃতিতে এ বিষয়ে নিন্দার কথা জানান দলটির সেক্রেটারি জেনারেল সাবেক এমপি অধ্যাপক মিয়া গোলাম পরওয়ার। বিবৃতিতে তিনি বলেন, ভারতে মুসলিম স্বার্থবিরোধী ওয়াকফ সংশোধনী বিল পাস ও বিজেপি সরকারের ধারাবাহিক মুসলিমবিরোধী পদক্ষেপে আমরা উদ্বেগ প্রকাশ করছি এবং নিন্দা ও প্রতিবাদ জানাচ্ছি। গত ৩ এপ্রিল ভারতের লোকসভায় পাস করা বিতর্কিত ওয়াকফ সংশোধনী বিল মুসলমানদের ধর্মীয় স্বাধীনতা, মালিকানা ও অধিকার হরণে বিজেপি সরকারের সুপরিকল্পিত প্রচেষ্টার আরেকটি ঘৃণ্য দৃষ্টান্ত। এই আইনের মাধ্যমে মুসলিমদের দান করা মসজিদ, মাদরাসা, কবরস্থান

৭-এর পাতায় দেখুন




## দেশের আগে উপদেষ্টা পরিষদের সংস্কার জরুরি: রাশেদ খাঁন

**ঝিনাইদহ প্রতিনিধি :** গণঅধিকার পরিষদের সাধারণ সম্পাদক রাশেদ খাঁন বলেছেন, বর্তমান উপদেষ্টা পরিষদের মধ্যে আওয়ামী দোসররা ঘাঁপটি মেরে বসে আছে। উপদেষ্টাদের কেউ কেউ গণহত্যাকারী চিহ্নিত আওয়ামী লীগের নেতাকর্মীদের সেল্টার দিচ্ছে। আদালত থেকে উপদেষ্টাদের ইশারায় ডামি এমপিরা জামিন পাচ্ছে। প্রশাসনের গুরুত্বপূর্ণ জায়গায় এখনো আওয়ামী দোসরদের দৌরাত্ম টিকে রয়েছে। তাই দেশ সংস্কারের আগে উপদেষ্টা পরিষদের সংস্কার জরুরি হয়ে পড়েছে। শনিবার (৫ এপ্রিল) বেলা সাড়ে ১১টায় ঝিনাইদহ শহরের একটি রেস্টুরেন্টে মতবিনিময় সভায় তিনি এ কথা বলেন। আওয়ামী রাজনীতি নিষিদ্ধের দাবি জানিয়ে তিনি বলেন, হঠাৎ করে বিভিন্ন মাধ্যম থেকে এখন অন্তর্ভুক্তিমূলক নির্বাচনের দাবি উঠছে। এরা বিগত ১৭ বছরে এ কথা একবারও বলেনি। বিদেশিদের মদদে তারা ইনিয়ে বিনিয়ে গণহত্যাকারী হাসিনা ও আওয়ামী লীগকে নির্বাচনে আনার পায়তারা করছে। কিন্তু জুলাই বিপ্লবে নেতৃত্বদানকারী রাজনৈতিক দলগুলো সেই সুযোগ দেবে না। আমরা কোনোভাবেই আওয়ামী লীগকে নির্বাচন করতে দেবো না। দেশবিরোধী ফ্যাসিস্ট হাসিনাকে দেশে আর

৭-এর পাতায় দেখুন

## শরীয়তপুরে দু'পক্ষের সংঘর্ষে শতাধিক ককটেল বিস্ফোরণ

**শরীয়তপুর প্রতিনিধি :** আধিপত্য বিস্তারকে কেন্দ্র করে শরীয়তপুরের জাজিরায় দুই পক্ষের মধ্যে সংঘর্ষের ঘটনা ঘটেছে। এতে কমপক্ষে শতাধিক ককটেল বিস্ফোরণ ঘটানো হয়েছে। গতকাল শনিবার সকালে জাজিরা উপজেলার বিলাসপুর ইউনিয়নের দূর্বাডাঙ্গা এলাকায় এ ঘটনা ঘটে। তবে এখন পর্যন্ত হতাহতের খবর পাওয়া যায়নি। পুলিশ ও স্থানীয় সূত্রে জানা যায়, বিলাসপুর ইউনিয়নের চেয়ারম্যান কুদ্দুস বেপারী ও স্বেচ্ছাসেবকলীগ নেতা জলিল মাদবরের সমর্থকদের মধ্যে আধিপত্য বিস্তার নিয়ে বিরোধ দীর্ঘদিনের। এ নিয়ে বেশ কয়েকবার সংঘর্ষের ঘটনা ঘটেছে। গতকাল শনিবার সকালে দূর্বাডাঙ্গা এলাকায় তুচ্ছ ঘটনাকে কেন্দ্র করে উভয়পক্ষের সমর্থকদের মধ্যে পুনরায় সংঘর্ষ শুরু হয়। এ সময় শতাধিক হাত বোমার বিস্ফোরণ ঘটানো হয়। পরে পুলিশ খবর পেয়ে ঘটনাস্থলে গিয়ে পরিস্থিতি নিয়ন্ত্রণে আনে। এদিকে দুপক্ষের সংঘর্ষ এবং হাতবোমা বিস্ফোরণের একটি ভিডিও সামাজিক যোগাযোগমাধ্যম ফেসবুকে ছড়িয়ে

৭-এর পাতায় দেখুন

## মিরপুরে গুলিতে যুবক আহত

**স্টাফ রিপোর্টার :** রাজধানীর মিরপুর পল্লবীর এলাকায় মো. সানি (২৮) নামে এক যুবক কুপিয়ে ও গুলি করে আহত করার ঘটনা ঘটেছে। গত শুক্রবার রাত সাড়ে আটটার দিকে মিরপুর পল্লবী ৬ নম্বর লেনে ঘটনাটি ঘটে। আহত অবস্থায় যুবককে ঢাকা মেডিকেল কলেজ হাসপাতালে ভর্তি করা হয়েছে। ঢাকা মেডিকেলে আহত সানির খালাতো বোন রুমা আক্তার বলেন, তারা মিরপুর ১২ নম্বর সেকশনের ৫ নাম্বার লেনের মুড়াপাড়া ক্যাম্পে থাকেন। সানি এলাকায় শাড়ির কারচুপির কাজ করতো আবার মাঝে মাঝে অটোরিকশা চালাতো। তিনি আরো বলেন, সন্ধ্যায় অটোরিকশা নিয়ে বের হয়েছিল সানি। একই এলাকার ৬ নম্বর লেনে গেলে স্থানীয় জনি, আবীর জাকির, আশিকসহ আরো কয়েকজন তার ডান পায়ে গুলি করে এবং মাথাসহ শরীরের কয়েক জায়গায় কুপিয়া আহত করে পালিয়ে যায়। পরে তার অটোরিকশার পাশাপাশি ১০ থেকে ১২ হাজার টাকা ও মোবাইল ফোন

৭-এর পাতায় দেখুন

## শক্তিশালী পাসপোর্ট সূচকে এক ধাপ এগিয়ে ১৮১তম বাংলাদেশ

**স্টাফ রিপোর্টার :** বিশ্বের সবচেয়ে শক্তিশালী পাসপোর্ট সূচকে এক ধাপ এগিয়েছে বাংলাদেশ। মোট ২০০টি দেশের মধ্যে বাংলাদেশের পাসপোর্ট রয়েছে ১৮১তম অবস্থানে। যা গত বছর ছিল ১৮২তম। আর প্রথমবারের মতো বিশ্বের সবচেয়ে শক্তিশালী পাসপোর্টধারী দেশের স্বীকৃতি পেয়েছে উত্তর ইউরোপের দ্বীপরাষ্ট্র আয়ারল্যান্ড। গত শুক্রবার কর ও অভিবাসনবিষয়ক আন্তর্জাতিক পরামর্শক সংস্থা নোমাড ক্যাপিটালিস্টের হালনাগাদ সূচকে এ তথ্য জানানো হয়েছে।



তালিকায় ৩৮ স্কোর পেয়ে বাংলাদেশের পাসপোর্টের অবস্থান ১৮১তম স্থানে রয়েছে। বাংলাদেশের পাসপোর্টধারীরা ভিসামুক্ত অথবা অন-অ্যারাইভাল ভিসায় বিশ্বের ৫০টি দেশে ভ্রমণ করতে পারেন। গত বুধবার এক প্রতিবেদনে সিএনবিসি নিউজ বিশ্বের সবচেয়ে শক্তিশালী পাসপোর্ট সূচক প্রকাশিত হয়। নোমাডের হালনাগাদ তালিকায় বাংলাদেশের ঠিক আগে আছে নেপাল (স্কোর ৩৯ দশমিক ৫) এবং পরে আছে মিয়ানমার (স্কোর ৩৭ দশমিক ৫)। অপর দুই প্রতিবেশী দেশ ভারতের অবস্থান সূচকে ১৪৮ তম (স্কোর ৪৭ দশমিক ৫) এবং পাকিস্তানের অবস্থান ১৯৫তম (স্কোর ৩২)। শীর্ষে থাকা আয়ারল্যান্ডের প্রাপ্ত স্কোর ১০৯। এ দেশের পাসপোর্টধারী ব্যক্তিরা বিশ্বের ১৭৬টি দেশে ভিসামুক্ত বা অন অ্যারাইভাল ভিসায় ভ্রমণ করতে পারবেন। তালিকায় দ্বিতীয় ও তৃতীয় অবস্থানে রয়েছে যথাক্রমে সুইজারল্যান্ড ও গ্রিস। দেশগুলোর প্রাপ্ত স্কোর ১০৮ দশমিক ৫। আর চতুর্থ ও পঞ্চম স্থানে রয়েছে পর্তুগাল ও মাল্টা। দেশগুলোর স্কোর যথাক্রমে ১০৮ ও ১০৭ দশমিক ৫। তালিকায় সবচেয়ে দুর্বল (১৯৯তম) পাসপোর্টের দেশ হিসেবে স্থান পেয়েছে আফগানিস্তান। দেশটির আগের

৭-এর পাতায় দেখুন

## রাজধানীতে সড়ক দুর্ঘটনায় নিহত ২

**স্টাফ রিপোর্টার :** রাজধানীর পল্লবীতে সড়ক দুর্ঘটনায় দুই যুবকের মৃত্যু হয়েছে। তারা হলেন- মো. রিয়াদ গাজী (১৭) ও মো. তোফাজ্জল (১৯)। গত শুক্রবার রাত পৌনে ১০টার দিকে এ দুর্ঘটনা ঘটে। ঘটনার পর পর ফ্লাইওভারের নিচ থেকে একজন ও অপর একজনকে ফ্লাইওভার থেকে রক্তাক্ত অবস্থায় উদ্ধার করে ঢাকা মেডিকেল কলেজ হাসপাতালে (ঢামেক) নিয়ে যান পথচারীরা। রাত ১১টার দিকে কর্তব্যরত চিকিৎসক দুজনকে মৃত ঘোষণা করেন। গতকাল শনিবার সকালে ঢাকা মেডিকেল কলেজ হাসপাতালে দুজনের পরিচয় শনাক্ত করেন তাদের আত্মীয়। নিহত রিয়াদের চাচা আব্দুল্লাহ বলেন, আমার ভাই দুবাইপ্রবাসী আর আমার ভাতিজা চাঁদপুরে একটি কলেজে পড়াশোনা করতো। ঈদের ছুটিতে বন্ধু তোফাজ্জলের বাসায় ঢাকায় ঘুরতে যায়। গত শুক্রবার দুই বন্ধু মোটরসাইকেলে করে পল্লবীর কালশী ফ্লাইওভারের ওপর দিয়ে যাওয়ার সময় দ্রুতগামী একটি প্রাইভেটকার মোটরসাইকেলকে

৭-এর পাতায় দেখুন

বাজেট ২০২৫-২৬

## মূল্যস্ফীতির লাগাম টেনে বিনিয়োগ বাড়ানোই মূল চ্যালেঞ্জ

**স্টাফ রিপোর্টার :** মূল্যস্ফীতির উত্তাপ এখনো কমেনি। স্থবির বিনিয়োগ। বাড়ছে না কর্মসংস্থান। রাজস্ব আদায়ও হচ্ছে না প্রত্যাশিত মাত্রায়। তবে রপ্তানি আয়ে প্রবৃদ্ধির পাশাপাশি রেমিট্যান্সের প্রবাহ ভালো। সামষ্টিক অর্থনীতির নানা চ্যালেঞ্জের মধ্যে আগামী অর্থবছরের বাজেটে মূল্যস্ফীতি কমানো ও বিনিয়োগ বাড়ানোর ওপর বেশি গুরুত্ব দেওয়া উচিত বলে মনে করছেন অর্থনীতিবিদরা। তারা বলছেন, নতুন অর্থবছরের বাজেটে মূল গুরুত্ব দিতে হবে মূল্যস্ফীতি নিয়ন্ত্রণের ওপর। একই সঙ্গে বিনিয়োগ বাড়ানোর পদক্ষেপ নিতে হবে। বিনিয়োগ না বাড়লে প্রবৃদ্ধি ও কর্মসংস্থান হবে না। আর কর্মসংস্থান না হলে নানামুখী সমস্যা দেখা দেবে। মূল্যস্ফীতি কমানো ও বিনিয়োগ বাড়ানোর পদক্ষেপের পাশাপাশি রাজস্ব আহরণ বাড়ানোর দিকেও নজর দিতে হবে। তবে দেশ পরিচালনার দায়িত্বে নির্বাচিত সরকার না থাকায় বিনিয়োগ বাড়ানো বড় ধরনের চ্যালেঞ্জ হবে।



বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরোর (বিবিএস) সবশেষ তথ্য অনুযায়ী ফেব্রুয়ারি মাসে পয়েন্ট টু পয়েন্ট ভিত্তিতে দেশের সার্বিক মূল্যস্ফীতি দাঁড়িয়েছে ৯ দশমিক ৩২ শতাংশ, যা জানুয়ারি মাসে ছিল ৯ দশমিক ৯৪ শতাংশ। অর্থাৎ, মূল্যস্ফীতি কিছুটা কমেছে। অবশ্য তারপরও মূল্যস্ফীতি প্রায় সাড়ে ৯ শতাংশ হওয়ায় নিম্ন আয়ের মানুষের ওপর বড় ধরনের চাপ রয়েছে। মূল্যস্ফীতি চাপের পাশাপাশি সরকার প্রত্যাশিত রাজস্ব পাচ্ছে না। জাতীয় রাজস্ব বোর্ডের (এনবিআর) তথ্য অনুযায়ী, চলতি অর্থবছরের প্রথম আট মাসে (২০২৪ সালের জুলাই থেকে চলতি বছরের মার্চ পর্যন্ত) লক্ষ্যমাত্রার তুলনায় ৫৮ হাজার কোটি টাকা কম রাজস্ব আদায়

৭-এর পাতায় দেখুন

## রাজধানীতে ট্রেনে কাটা পড়ে নারীর মৃত্যু

**স্টাফ রিপোর্টার :** ঢাকা-টঙ্গী রেলওয়ে স্টেশনের দক্ষিণ নতুন বাজার এলাকায় রাস্তা পারাপারের সময় ট্রেনে কাটা পড়ে অজ্ঞাত (২৫) এক নারী নিহত হয়েছেন। গতকাল শনিবার লাশ ঢাকা মেডিকেল কলেজ হাসপাতালে পাঠানো হয়েছে। ঢাকা রেলওয়ে থানা পুলিশের এসআই মোহাম্মদ আলী জিন্নাহ্ জানান, আমরা খবর পেয়ে গত শুক্রবার সকালের দিকে টঙ্গী রেলওয়ে স্টেশন দক্ষিণ নতুন রাস্তার রেললাইনের ওপর থেকে এক নারীর কাটা লাশ উদ্ধার করি। পরে আইনি প্রক্রিয়া শেষে লাশ ময়নাতদন্তের জন্য ঢামেক হাসপাতালে পাঠানো হয়েছে। তিনি জানান, নিহত ওই নারীর নাম পরিচয় এখনো জানা যায়নি। বিস্তারিত জানার চেষ্টা চলছে। আমরা স্থানীয় লোকের মুখে জানতে পেরেছি ওই নারী রেললাইনের ওপর দিয়ে যাওয়ার সময় একটি ট্রেন ধাক্কা দিলে ওই ট্রেনের নিচে সে কাটা পড়ে।

**সম্পাদক ও প্রকাশক :** মোহাম্মদ আলী কর্তৃক গাজী ভবন (৩য় তলা), প্লট : ৩৫, রোড : ২, ব্লক : খ, সেকশন : ৬, মিরপুর, ঢাকা থেকে প্রকাশিত। তুহিন প্রেস, ২১৯/২, ফকিরাপুল (১ম গলি), মতিঝিল, ঢাকা থেকে মুদ্রিত।
**ফোন :** ০৯৬৩৮-৩৬০৭৪৩, **ই-মেইল :** news.manabikbangladesh@gmail.com, **ওয়েবসাইট :** www.manabikbangladesh.com.



চলছে মাঝারি তাপপ্রবাহ, এর মধ্যে গরম থেকে স্বস্তি পেতে গভীর নলকূপের পানিতে গোসল করছেন যুবকেরা।

# ছাত্রীকে বিয়ে করা প্রধান শিক্ষকের অপসারণ দাবিতে মানববন্ধন

**মান্দা, নওগাঁ প্রতিনিধি :** ছাত্রীকে বিয়ে করে আলোচনা আসা নওগাঁর মান্দা উপজেলার মুক্তিযোদ্ধা মেমোরিয়াল বালিকা উচ্চবিদ্যালয়ের প্রধান শিক্ষক আকরাম হোসেনের অপসারণ দাবিতে মানববন্ধন করা হয়েছে। ছাত্রী অভিভাবক ও এলাকাবাসির ব্যানারে বিদ্যালয়ের সামনে নওগাঁ-রাজশাহী মহাসড়কে এ কর্মসূচির আয়োজন করা হয়। স্থানীয় বাসিন্দা ময়েজ উদ্দিনের সভাপতিত্বে মানববন্ধন চলাকালে সংক্ষিপ্ত সমাবেশে বক্তব্য দেন শামীম হোসেন সাজু, আল মামুন, মোস্তাকিম সরদার, বাবুল হোসেন বাবু, গোলাম মোর্শেদ, সোহেল সরদার, রিসালাত সাজিদ, রশিদা বেগম প্রমুখ। বক্তারা বলেন, ছাত্রী দোলা আক্তারের (১৬) সঙ্গে দীর্ঘদিন ধরে প্রধান শিক্ষক আকরাম হোসেনের প্রেমের গুঞ্জন ছিল। গত বুধবার ছাত্রী দোলা আক্তারকে বিয়ে করে তৃতীয় স্ত্রী হিসেবে ঘরে তোলেন তিনি। একই প্রতিষ্ঠান থেকে ছাত্রী দোলা আক্তার এবারের এসএসসি পরীক্ষায় অংশ নেবে। এর আগেও একই প্রতিষ্ঠানের ছাত্রী রিনা আক্তার পুতুলকে দ্বিতীয় বিয়ে করে আলোচনা জন্ম দিয়েছিলেন প্রধান শিক্ষক আকরাম। বক্তা শামীম হোসেন সাজু বলেন, 'প্রধান শিক্ষক আকরামের তৃতীয় স্ত্রী দোলা আক্তার তার দ্বিতীয় স্ত্রী পুতুলের বান্ধবীর মেয়ে। সেই মেয়েতুল্য ছাত্রীকে তৃতীয় বিয়ে করে আবারও আলোচনার জন্ম দিয়েছেন। এ ধরণের চরিত্রহীন শিক্ষকের অবিলম্বে অপসারণসহ দৃষ্টান্তমুলক শাস্তির দাবি করছি।' এদিকে বিষয়টি তদন্ত করে ব্যবস্থা গ্রহণের দাবি জানিয়ে মান্দা উপজেলা নির্বাহী কর্মকর্তার (ইউএনও) কাছে অভিযোগ দিয়েছেন স্থানীয় বাসিন্দারা।

বান্ধবীর মেয়েকে বিয়ে করায় ক্ষোভ ও লজ্জায় প্রধান শিক্ষকের দ্বিতীয় স্ত্রী রিনা আক্তার পুতুল স্বামীর বাড়ি ছেড়ে বাবার বাড়িতে আশ্রয় নিয়েছেন। ছাত্রীকে তৃতীয় বিয়ে করা প্রসঙ্গে প্রধান শিক্ষক আকরাম হোসেন বলেন, ছাত্রী দোলাকে আমি সামাজিকভাবে বিয়ে করেছি। তাকে অনেক আগেই বিয়ে করতাম।

কিন্তু বয়স সমস্যার কারণে করিনি। আমি একাধিক বিয়ে করতেই পারি। এখানে কারো কিছুই আসে যায় না। এ প্রসঙ্গে মান্দা উপজেলা নির্বাহী কর্মকর্তা (ইউএনও) শাহ আলম মিয়া বলেন, স্থানীয় লোকজনের অভিযোগের প্রেক্ষিতে বিষয়টি তদন্ত করে ব্যবস্থা গ্রহণের জন্য উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তাকে নির্দেশ দেওয়া হয়েছে। উল্লেখ্য, ছাত্রী দোলা আক্তারকে বিয়ে করার সংবাদ প্রকাশ হয়ে পড়ায় তোলপাড় চলছে সামাজিক যোগাযোগ মাধ্যম ফেসবুকে। এনিয়ে হাস্যাত্বক, ব্যঙ্গাত্বকসহ কুরুচিপূর্ণ কমেন্ট করেছেন অনেকেই। কেউ কেউ আবার প্রধান শিক্ষক আকরাম হোসেনের অপসারণ দাবিতে সোচ্চার হয়ে উঠেছেন।

## রংপুরে অপহৃত ৪ শিশুসহ এক নারী আটক

**রংপুর প্রতিনিধি :** রংপুর রেলস্টেশন এলাকায় থেকে অপহৃত ৪ শিশুসহ আদুরী বেগম (৩৫) নামে এক নারীকে আটক করেছে পুলিশ। স্টেশন এলাকা থেকে আটকের বিষয়টি নিশ্চিত করেছেন রেলপুলিশ ফাঁড়ির ইনচার্জ আবুল কালাম। পুলিশ সুত্রে জানা যায়, রংপুর নগরীর ৭নং ওয়ার্ডের তপোধন গ্রাম থেকে চার শিশু নিয়ে ওই মহিলা ইফতার পরবর্তি উধাও হন। এরপর বিষয়টি পুলিশের বিভিন্ন ইউনিটকে জানালে রেলস্টেশন, বাসস্টান্ডসহ বিভিন্ন পয়েন্টে অবস্থান নেন পুলিশ। এরপরেই স্টেশন এলাকা থেকে অপহৃত ৪ শিশুসহ ওই মহিলাকে রেলওয়ে পুলিশ আটক করে। এদিকে ভুক্তভোগি পরিবার সুত্রে জানা যায়, আদুরী বেগম নামের ওই নারী নগরীর ৭নং ওয়ার্ডের তপোধন গ্রামে এক বাড়িতে গিয়ে আশ্রয় প্রত্যাশা করেন। ওই বাড়ির অভিভাবক আশিকুল ইসলাম ওই নারীকে আশ্রয় দেন। রাতে ওই বাড়িতে অবস্থান করেন এবং সাহরী খান। আজকে সারাদিন ওই বাড়িতেই ছিলেন এবং সন্ধ্যায় ইফতারও করেন। ইফতার পরবর্তি কোন এক সময় ওই নারী ৬ থেকে ১০ বছরের ৪ শিশুকে নিয়ে উধাও হয়ে যান। এসময় সন্তানদের না পেয়ে তাৎক্ষনিকভাবে পুলিশকে জানানো হয় ঘটনাটি। এরপরেই রংপুর রেলওয়ে স্টেশন এলাকায় ৪ শিশুসহ ওই মহিলাকে আটক করা হয়। রংপুর রেলপুলিশ ফাঁড়ির ইনচার্জ আবুল কালাম জানান, আমরা ৪ শিশুসহ আদুরী বেগম নামে এক নারীকে আটক করেছি। ইতিমধ্যে রংপুর মেট্রোপলিটন কোতয়ালী থানার অফিসারদের কাছে হস্তান্তর করেছি। কিন্তু উত্তেজিত জনতার কারনে অপহৃত শিশুসহ ওই নারীকে নিরাপদে নেয়া সম্ভব হয়নি। তবে চেষ্টা চলছে।

## ওমরা পালন করতে গিয়ে বরিশালের বৃদ্ধা নিখোঁজ

**বরিশাল প্রতিবেদক :** পবিত্র ওমরা পালন করতে গিয়ে কাবা শরীফ তাওয়াফের সময় হারিয়ে গেছেন জেলার আগৈলঝাড়া উপজেলার রাজিহার ইউনিয়নের রাংতা গ্রামের বৃদ্ধা সাহেরা বেগম (৮০)। তিনি ওই গ্রামের মৃত আক্কেল আলী হাওলাদারের স্ত্রী। সৌদি আরবে বসবাসরত বৃদ্ধা সাহেরা বেগমের ঘনিষ্ঠ আত্মীয় মো. কামাল বয়াতী গত শুক্রবার দিবাগত রাতে মোবাইল ফোনে জানিয়েছেন, গত ২৪ মার্চ পবিত্র কাবা শরীফ তাওয়াফের সময় সাহেরা বেগম হারিয়ে গেছেন। অনেকস্থানে খোঁজাখুজি করেও তার কোন সন্ধান পাওয়া যায়নি। বৃদ্ধা সাহেরা বেগমের সন্ধান পেলে সৌদি আরবে বসবাসরত কামাল বয়াতীর ব্যবহৃত ০০৯৬৬৫৪০০২৭৫১৩ নাম্বারে কিংবা বাংলাদেশে যোগাযোগের জন্য স্থানীয় ইউপি সদস্য মো. খোকনের ব্যবহৃত।



সকালে মেঠো পথে সাইকেল চালানো শিখছে শিশুটি। বলরামপুর, রংপুর।

## নগ্ন ছবি-ভিডিও ছড়ানোর ভয় দেখিয়ে প্রেমিকের টাকা দাবি

**লালমনিরহাট প্রতিনিধি :** লালমনিরহাটে গোপনে ধারণ করা নগ্ন ছবি ও ভিডিও নিয়ে ব্ল্যাকমেইলের অভিযোগে পৌরসভার কলেজ বাজার এলাকা থেকে আব্দুর রাজ্জাক (২৮) নামের একজনকে গ্রেফতার করেছে লালমনিরহাট সদর থানা পুলিশ। গতকাল শনিবার সকালে লালমনিরহাট সদর থানার অফিসার ইনচার্জ (ওসি তদন্ত) বাদল কুমার মন্ডল সাংবাদিকদের গ্রেফতারের বিষয়টি নিশ্চিত করেছেন। এর আগে কলেজ বাজার এলাকায় অভিযান চালিয়ে তাকে গ্রেফতার করে পুলিশ। গ্রেফতার আব্দুর রাজ্জাক আদিতমারী উপজেলার মহিষখোচা ইউনিয়নের ২নং ওয়ার্ডের মন্টু মিয়ার ছেলে। অভিযোগে জানা যায়, লালমনিরহাট সদর থানায় পর্নোগ্রাফির একটি অভিযোগের পর থানা পুলিশ আসামি গ্রেফতারে গোয়েন্দা নজরদারি বৃদ্ধি করে। এর ধারাবাহিকতায় গোপন সংবাদের ভিত্তিতে গত শুক্রবার রাতে থানার লালমনিরহাট পৌরসভার কলেজ বাজার এলাকায় অভিযান চালিয়ে তাকে গ্রেফতার করে। এ সময় তার কাছ থেকে ভিকটিমের বিপুল পরিমাণ নগ্ন ছবি, ভিডিও, ইমো ও ম্যাসেঞ্জার কথোপকথনের স্ক্রিনশট জব্দ করা হয়। প্রাথমিক জিজ্ঞাসাবাদে আব্দুর রাজ্জাক জানান, ভিকটিমের সঙ্গে তার প্রায় তিন বছর আগে প্রাইভেট পড়াতে গিয়ে পরিচয় হয়। তখন থেকেই ভিকটিমের সঙ্গে তিনি মাঝে মাঝে ম্যাসেঞ্জারে কথা বলতেন। ধীরে ধীরে তাদের মাঝে প্রেমের সম্পর্ক গড়ে ওঠে। প্রেমের এক পর্যায়ে ভিকটিমকে বিয়ের প্রলোভন দেখিয়ে তার সাথে দৈহিক সম্পর্ক গড়ে তোলে এবং গোপনে সেই মুহূর্তের নগ্ন ছবি ও ভিডিও ধারন করেন। এসব নগ্ন ছবি, ভিডিও বন্ধু ও পরিবারের সদস্যদের মাঝে ছড়িয়ে দেওয়ার ভয় দেখিয়ে ভিকটিমকে পুনরায় শারীরিক সম্পর্ক স্থাপন করার জন্য চাপ প্রয়োগ করতে থাকেন। পরবর্তীতে ভিকটিম বিয়ের কথা বললে তিনি বিভিন্নভাবে টাল-বাহানা শুরু করেন। একপর্যায়ে প্রেমিক বিভিন্ন সময় কার ধারণকৃত ছবি-ভিডিও ভিকটিমের আত্মীয়-স্বজন, বন্ধুসহ সামাজিক যোগাযোগ মাধ্যম ফেসবুকে ছড়িয়ে দেয়ার ভয় দেখিয়ে শারীরিকভাবে লাঞ্ছিত করেন। এরপর ভিকটিম সম্পর্ক ছিন্ন করার চেষ্টা করলে আসামি ৫ লাখ টাকা দাবি করেন। এছাড়া শারীরিক সম্পর্ক স্থাপন না করলে তার কাছে থাকা নগ্ন ছবি-ভিডিও ভাইরাল করার হুমকি দেন। গ্রেফতারের পর জিজ্ঞাসাবাদে তার মোবাইলে ও গুগল ড্রাইভে বিপুল পরিমাণ নগ্ন ভিডিও ও ছবি পাওয়া যায়।

## মুন্সীগঞ্জে অটোরিকশা ছিনতাইয়ের ঘটনায় গণপিটুনি, নিহত ১

**মুন্সীগঞ্জ প্রতিনিধি :** মুন্সীগঞ্জের শ্রীনগর উপজেলার তন্তরে অটোরিকশা ছিনতাই করতে গিয়ে গণপিটুনিতে জাফর মিয়া (৪০) নামে এক ব্যক্তি নিহত হয়েছে। এ সময় তার সহযোগী অপর ২ ছিনতাইকারী জহির হোসেন(৪২) এবং আরিফ শিকদার (৪০) গুরুতর আহত হয়। এ ঘটনা ঘটে। নিহত জাফর মিয়া মাদারীপুরের কালকিনি ফুলছড়ি গামের আ: সাত্তার মিয়ার পুত্র। শ্রীনগর থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা শাকিল আহমেদ জানান, ভোর সাড়ে ৫ টায় উপজেলার তন্তর ইউনিয়নের পাড়াগাওয়ের ফালু শেখের ছেলে মহসিন অটো রিকশা নিয়ে নিজ বাড়ী থেকে বের হয়ে নওপাড়া পাঁকা রাস্তায় পৌছলে সংঘবদ্ধ ৩ ছিনতাইকারী রাস্তায় কলাগাছ ফেলে পথ রোধ করে কিলঘুষি মেরে অটোরিকশা নিয়ে পালিয়ে যায়। অটো চালক মহসিন এর ডাক চিৎকারে গ্রামবাসী ছুটে এসে ৩ ছিনতাইকারী জাফর(৪০) জহির এবং আরিফ শিকদার কে গণপিটুনি দেয়।

## রঞ্জু হত্যাকারীদের গ্রেপ্তার ও বিচারের দাবিতে ভূঞাপুরে মানববন্ধন

**ভূঞাপুর, টাঙ্গাইল প্রতিনিধি :** টাঙ্গাইলের বাসাইলে মাদকাসক্ত নিরাময় কেন্দ্রের কর্মচারী শরিফুজ্জামান (রঞ্জু খন্দকার) এর হত্যাকারীদের গ্রেপ্তার ও বিচারের দাবিতে ভূঞাপুরে বিক্ষোভ ও মানববন্ধন কর্মসূচি পালন করেছে তার স্বজন ও এলাকাবাসী। সর্বস্তরের জনগণের উদ্যোগে দুপুরে যমুনা সেতু-ভূঞাপুর সড়কের বাগবাড়ী বাসস্ট্যান্ড এলাকায় ঘন্টা ব্যাপী এ কর্মসূচি পালন করা হয়। এতে নিহতের পরিবারসহ শতশত মানুষ অংশ নেয়। এসময় বক্তব্য রাখেন- নিহতের পিতা মোঃ আব্দুর রাজ্জাক মাস্টার, স্ত্রী নূরি আক্তার, চাচা খন্দকার মজিবুর রহমান তপন, চাচি শিউলি আক্তার জুঁই, ডেইজি, আব্দুল আউয়াল, মোঃ লিপ্টন, মনিরুজ্জামান কাইয়ুম, তাহমিদুল হোসেন ইমরান, এইচ এম আল মামুন, মোঃ বাবলু মিয়া, মোস্তাক আহমেদ প্রমুখ। বক্তারা বলেন, রঞ্জু খন্দকারকে পরিকল্পিতভাবে হত্যা করা হয়েছে। খুনের ঘটনায় মামলা হলেও পুলিশ এখন পর্যন্ত কাউকে গ্রেপ্তার করতে পারেনি। এই হত্যাকাণ্ডের সাথে জড়িত সকলকে দ্রুত গ্রেপ্তার করে আইনের আওতায় এনে সর্বোচ্চ শাস্তি ফাঁসির দাবি জানান তারা। উল্লেখ্য, গতকাল শনিবার টাঙ্গাইলের বাসাইল উপজেলার কাশিল পশ্চিমপাড়া এলাকার মনির খান, ছেলে ফরিদ খান, সহযোগী পলাশ, রিপন, তালেব খান ও ফরিদা মিলে বৃজ মাদকাসক্ত নিরাময় কেন্দ্রের লোকজনের ওপর অতর্কিতভাবে হামলা চালায়। এসময় রঞ্জু গুরুতর আহত হয়। প্রথমে তাকে টাঙ্গাইল মেডিকেল কলেজ হাসপাতাল ও পরে ঢাকার একটি বেসরকারি হাসপাতালে নেয়া হয়। ২৩ মার্চ বিকেলে তার মৃত্যু হয়। এ ঘটনায় নিহতের স্ত্রী নূরী আক্তার বাদি হয়ে ৬ জনকে আসামি করে বাসাইল।

## চুরির ৭ লাখ টাকায় স্ত্রী তালাকের আয়োজন, অত:পর ধরা

**হিলি, দিনাজপুর প্রতিনিধি :** উপজেলার মংলা বাজারের কাপাড় ও বিকাশ ব্যবসায়ী আব্দুর রাজ্জাক দুই সপ্তাহ আগে জুম্মার নামাজ পড়তে গেলে তার দোকানে দিনে-দুপুরের দুর্ধর্ষ চুরির সংঘটিত হয়। চোরেরা তার দোকান থেকে সাত লাখ টাকা চুরি করে। হাকিমপুর থানায় একটি সাধারণ ডায়েরী করা হয়। ঘটনার কয়েকদিন পর এই এলাকার যুবক জহুরুল তার ৪ মাসের অন্ত:সত্তা স্ত্রীকে মারধর শুরু করে। এবং তার সাথে আর সংসার করবেনা বলে শ্বশুরবাড়ির লোকদের চাপ দিতে থাকে। সে পেশায় একজন দিনমজুর। মোহরানার আড়াই লাখ টাকা নগদে পরিশোধ করবে বলে বারবার তাগাদা দেয়। এরপর গত শুক্রবার বিকেলে স্থানী-য়রা ও শ্বাশুর বাড়ির লোকজন বসে তালাকের সীদ্ধান্ত হয়। বাবার বাড়ি থেকে দেয়া কাপড় ও আসবাবপত্র গোছাতে শুরু করে তার স্ত্রী মিনারা বেগম। এ সময় ঘরের এক কোনায় লুকিয়ে রাখা অনেকগুলো টাকা দেখতে পান। বিষয়টি উপস্থিত লোকজনকে জানতে পারলে শুরু হয় জল্পনা কল্পনা। এরপর তাকে উত্তম মধ্যম দিলে চুরির বিষয়টি স্বীকার করে। প্রতিবেশী তাছির উদ্দিন বাপ্পি জানান, ওই চুরি সংঘটিত হওয়ার পর জহরুলের মধ্যে বেশ কিছু পরিবর্তন লক্ষ করা যায়। সে দিন মজুর। তার নিজস্ব কোন জয়গা জমি নেই। কয়েকদিন থেকে শুনছি সে অন্ত:সত্ত্বা স্ত্রীকে নগদ মোহরানার টাকা পরিশোধ করে তালাক দিচ্ছে। এটা শোনার পর তিনি সন্দেহ করেছিলান কয়েকদিন আগে বাজারে দোকন থেকে চুরির বিষয়ে তার হাত থাকতে পারে। উপজেলার মংলা বাজারের ভুক্তভোগী ব্যাবসায়ী আব্দুর রাজ্জাক জানান, তার দোকানের কিছুটা অদূরে চোর জহরুলের বাড়ি। তার বাড়িতে গিয়ে দেখি কয়েকজন তাকে বেঁধে রেখেছে। এবং সে আমার দোকান থেকে টাকা চুরির কথা স্বীকার করেছে। হাকিমপুর থানা ওসি সুজন মিয়া জানান, এ ঘটনায় জহুরুলসহ মোট তিন জনকে আটক করা হয়েছে। প্রাথমিক জিজ্ঞাসাবাদে তারা চুরির বিষয়টি স্বীকার করেছে। এবং জহরুলের কাজ থেকে নগদ ১ লাখ ২৬ হাজার টাকা উদ্ধার করা হয়েছে। আটককৃতরা হলেন, মংলা বাজারের আফতাব উদ্দিনের ছেলে জহুরুল (২২), সাতকুড়ি গ্রামের খলিলুর রহমানের ছেলে শাহাজুল (৩২) নওদাপাড়া বিলের পাড়া গ্রামের মহাতাব উদ্দিনের ছেলে তাইজুল (৩৫)।

## কাহারোলে ডিএপি সার পাচারের সময় আটক: তদন্ত কমিটি গঠন

**কাহারোল, দিনাজপুর প্রতিনিধি :** দিনাজপুরের কাহারোল উপজেলার নতুন ব্রিজের উত্তর পার্শ্বে বীরগঞ্জ রোডে কামোর হাট থেকে বিসিআইসি সার ডিলার খান এন্টার প্রাইজ এর প্রোঃ বাক্কার খান এর রাতের আধারে কাহারোলের বাইরে ৩০ বস্তা ডিএপি সার পাচারের সময় আটক করে স্থানীয় লোকজন। ২০২৫ইং তারিখে রাত আনুমানিক ১০ টার সময় স্থানীয় লোকজন সার আটক করে, কাহারোল উপজেলা নির্বাহী অফিসার কে মুঠোফোনে জানাইলে উপজেলা নির্বাহী অফিসার তাৎক্ষণিক কাহারোল থানার অফিসার ইনচার্জ কে জানান। পরে কাহারোল থানার পুলিশ ৩০ ডিএপি সার ও ভটভটি আটক করে থানায় নিয়ে আসে। বর্তমানে ৩০ বস্তা ডিএপি সার ও ভটভটি থানায় আটক রয়েছে। সারের মালিক ও ভটভটি চালককে খুজে পাননাই কাহারোল থানার পুলিশ। এলাকাবাসীর দাবির মুখে তাৎক্ষণিক খান এন্টারপ্রাইজের সারের গুদাম কৃষি বিভাগ তদন্ত করেন প্রকৃতপক্ষে সারের মালিক কে? আটককৃত সারের বিষয়ে কাহারোল থানার অফিসার ইনচার্জ মোঃ রুহুল আমিন বলেন, থানায় একটি সারের বিষয়ে জিডি করা হয়েছে এবং বিজ্ঞ আদালতকে সারের বিষয়ে অবগত করা হয়েছে। কাহারোল উপজেলা কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের কৃষি সম্প্রসারণ কর্মকর্তা কৃষিবিদ মোঃ খুরশিদ হাসান বলেন, আমি সহ কমিটির সদস্যগণ খান এন্টারপ্রাইজের গুদাম ঘর ও সার বিক্রয়ের মেমো এবং তার খাতা যাচাই বাছাই করা হয়েছে, তদন্ত সাপেক্ষে বলা যাবে।

# ধনাগোদা নদী কালীপুর-চরকালীপুর পাড়াপাড়ে ডাকাতির শঙ্কা

**মতলব উত্তর, চাঁদপুর প্রতিনিধি :** চাঁদপুরের মতলব উত্তর উপজেলার ধনাগোদা নদী কালীপুর -চরকালীপুর পাড়াপাড়ে নৌ সীমানায় ডাকাতির শঙ্কা থাকেন ঢাকায় চলাচলের যাত্রীরা। ঈদের সময়ে ও শাহ্ সোলাইমান (র.) লেংটার মেলাকে কেন্দ্র করে ডাকাতির শঙ্কা আরো বৃদ্ধি পায়। প্রতি বছরই এ অঞ্চলে অথবা লেংটার মেলায় সময় ডাকাতির ঘটনা ঘটে থাকে। এ বিষয়ে লেংটার মেলার আইনশৃংখলা স্বাভাবিক রাখাতে কোন অপ্রীতিকর ঘটনা ও অনিয়ম করতে দেওয়া হবে না বলে জানিয়েছেন চাঁদপুর জেলা প্রশাসক মোহাম্মদ মোহসীন উদ্দিন ও জেলা পুলিশ সুপার মোহাম্মদ আব্দুর রকিব পিপিএম। স্বল্প সময়ে ঢাকা যাতায়াতের জন্য মতলব উত্তর - দক্ষিণ উপজেলার অধিকাংশ যাত্রী টলার যোগে ধনাগোদা নদী পাড় হয়ে কালীপুর - চরকালীপুর যায়। এখান দিয়ে প্রতিদিন টলারের মাধ্যমে হাজার হাজার যাত্রী পারাপার হয়। প্রতি বছর লেংটার মেলায় প্রচুর লোক যাতায়াত করে এই পথে। এবার ঈদ ও মেলা একই সময়ে অনুষ্ঠিত হওয়ার যাত্রীদের চাপ থাকবে এ পথে। তাই এবার নদীতে ডাকাতির শঙ্কাও রয়েছে বেশি। বোরহান নামে এক যাত্রী জানান, আমি ব্যবসায়ী কাজে দিনরাত্রি এ পথে ঢাকা যাওয়া -আসা করি। রাতে আতংকে নদী পাড় হতে হয়। ডাকাতরা নদীতে ওতপেতে থাকে, সুযোগ পেলেই কেড়ে নেয় যাত্রীদের সব। এ পথের নিয়মিত যাত্রী রিয়াজুর হাসান বলেন, আমি একবার এই পথে বাড়িতে আসার সময় ডাকাতির কবলে পড়েছিলাম। এখন রাতে আমি যাতায়াত করি না।



নদীভাঙন রোধে ব্লক তৈরির কাজ করছেন শ্রমিকেরা। এ কাজে দৈনিক ৫০০ টাকা মজুরি পান। মোমেনপুর, দিঘলিয়া, খুলনা

## রামুতে প্রীতি ফুটবল ম্যাচ অনুষ্ঠিত, চ্যাম্পিয়ন কচ্ছপিয়া ইউনিয়ন একাদশ

**রামু, কক্সবাজার প্রতিনিধি :** 'খেলার মাধ্যমে যুবকদের ক্ষমতায়ন' এ শ্লোগানে কক্সবাজারের রামুতে অনুষ্ঠিত হলো প্রীতি ফুটবল ম্যাচ। খেলায় স্বাগতিক কাউয়ারখোপ ইউনিয়ন একাদশকে ২-০ গোলে হারিয়ে চ্যাম্পিয়ন হয়েছে কচ্ছপিয়া ইউনিয়ন একাদশ। ওয়ার্ল্ড ভিশন বাংলাদেশ এর চাইল্ড সেফটি নেট প্রজেক্টের আয়োজনে রামু উপজেলার কাউয়ারখোপ ইউনিয়নের ফুলনীরচর এলাকায় এ প্রীতি ফুটবল অনুষ্ঠিত হয়। এতে সেরা খেলোয়াড়ের পুরস্কার পান কচ্ছপিয়া ইউনিয়ন একাদশের জয়নাল আবেদিন। খেলা শেষে বিজয়ীদের পুরস্কার বিতরণ অনুষ্ঠানে প্রধান অতিথি ছিলেন- কাউয়ারখোপ ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান শামসুল আলম। এতে বিশেষ অতিথি ছিলেন- ওয়ার্ল্ড ভিশন বাংলাদেশ এর চাইল্ড সেফটি নেট প্রজেক্টের মোবিলাইজেশন, সিস্টেম এন্ড স্ট্রেন্থ অফিসার সৈকতুর রহমান, কাউয়ারখোপ ইউপি সদস্য মোহাম্মদ আলী, সমাজ সেবক মিজানুর রহমানসহ স্থানীয় গণ্যমান্য ব্যক্তিবর্গ।

## রামুতে বন বিভাগের অভিযানে স্কেভেটর ও পিকআপ জব্দ

**রামু, কক্সবাজার প্রতিনিধি :** রামুতে বন বিভাগের অভিযানে পাহাড় কাটার সময় স্কেভেটর ও পিকআপ (ডাম্পার) জব্দ করা হয়েছে। রামু উপজেলার দক্ষিণ মিঠাছড়ি ইউনিয়নের পানেরছড়া রেঞ্জের আওতাধিন তুলাবাগান বাগান বন বিটের পূর্ব কুল এলাকায় এ অভিযান চালানো হয়। এসময় পাহাড় কাটায় জড়িতরা পালিয়ে যান। পানেরছড়া রেঞ্জ কর্মকর্তা মোহাম্মদ শরীফুল আলম পাহাড় কাটার খবর পেয়ে অভিযান চালিয়ে একটি স্কেভেটর ও একটি ডাম্পার আটকের বিষয়টি নিশ্চিত করেছেন। তিনি জানান- জব্দকৃত স্কেভেটর ও ডাম্পার বিভাগীয় বন কর্মকর্তার হেফাজতে রাখা হয়েছে। এ ঘটনায় জড়িতদের বিরুদ্ধে পাহাড় কাটার অভিযোগ মামলার প্রক্রিয়া চলছে। তিনি আরও জানান- বনের পাহাড় কাটা, গাছ নিধন এবং অবৈধভাবে বালু উত্তোলন বন্ধসহ অবৈধ স্থাপনা উচ্ছেদে নিয়মিত অভিযান পরিচালনা করছে বন বিভাগ। স্থানীয় বাসিন্দা ও বন বিভাগের সংশ্লিষ্টদের সাথে কথা বলে জানা গেছে- পশ্চিম উমখালী এলাকার মৃত ইউসুফের ছেলে নুরুল হুদা ও পূর্ব পানেরছড়া এলাকার ফরিদুল আলমের নেতৃত্বে ওই এলাকায় দীর্ঘদিন একটি সংঘবদ্ধ চক্র বন বিভাগের পাহাড় কাটা, ছড়া থেকে বালি উত্তোলন, গাছ নিধনসহ পরিবেশ বিধ্বংসী কর্মকান্ড চালিয়ে আসছে। দীর্ঘদিন পর হলেও বন বিভাগের এ অভিযানে স্থানীয় সন্তোষ প্রকাশ করলেও জড়িতরা ধরাছোয়ার বাইরে থাকায় ক্ষোভ প্রকাশ করেছেন। অভিযানে পানেরছড়া বিট কর্মকর্তা গোলাম মোস্তফা বিদ্যুৎ, ধোয়াপালং রেঞ্জের সদর বিট কর্মকর্তা, দক্ষিণ বন বিভাগের স্পেশাল টিম, রামু থানা পুলিশের টহল টিম এবং সংশ্লিষ্ট রেঞ্জের অন্যান্য কর্মকর্তা-কর্মচারিরা অংশ নেন।

## কোটচাঁদপুরে ট্রেনের ধাক্কা ট্রাক্টর চালক নিহত

**কোটচাঁদপুর, ঝিনাইদহ প্রতিনিধি :** ঝিনাইদহের কোটচাঁদপুর উপজেলার সাবদারপুরের সোয়াদী রেল গেটে ট্রেন ও মাটি ভর্তি ট্রাক্টরের সংঘর্ষে ট্রাক্টর চালক নিহত হয়েছে। ঘটনাটি ঘটেছে খুলনা থেকে ঢাকাগামী সুন্দরবন এক্সপ্রেসে। স্থানীয় প্রসাশনের সহযোগীতা নিয়ে রাতভর চলে অবৈধ ভাবে মাটি কাটা ও মাটি ভর্তি ট্রাক্টর চলাচল। রাতে কানে হেটফোন লাগিয়ে বেপরোয়া ট্রাক্টর চালানোই এ দূর্ঘটনার মূল কারণ বলে জানিয়েছে পুলিশ। ঘটনাস্থল থেকে ২শত মিটার দূরে অবস্থিত পুলিশ ফাঁড়ি ইনচার্জ এসআই রফিক জানান- আমরা রাতে এ দূরঘটনার সাথে সাথে ঘটনাস্থলে যেয়ে দেখি ট্রেনের ধাক্কায় মাটি ভর্তি ট্রাক্টর রেল লাইনের পাশে উল্টিয়ে পড়ে আছে। সাথে ট্রাক্টর ড্রাইভারের রক্তাক্ত লাশ। তিনি জানান- ট্রাক্টর চালকের কানে হেট ফোন থাকায় এ দূরঘটনাটি ঘটেছে। মৃত ব্যক্তির নাম ভোলা (২০) বাড়ী দর্শনার গহেরপুর গ্রামে। সে ওই গ্রামের আতিয়ার রহমানের ছেলে। কোটচাঁদুরের সাফদারপুর হাজি ইট ভাটার ট্রাক্টর ড্রাইভারের চাকুরী করতো এই নিহত ভোলা। বিষয়টি নিয়ে সাফদারপুর রেলষ্টেশন মাষ্টার রিপন আলী জানান- খবর পেয়ে আমরা রাতেই ঘটনাস্থলে গিয়েছিলাম। তিনি বলেন, এখানে ইরফান আলী নামের একজন গেটম্যান আছে।

## কালিগঞ্জে মোটর সাইকেলের ধাক্কায় নিহত ১

**কালিগঞ্জ, সাতক্ষীরা প্রতিনিধি:** বেপরোয়া গতির মোটরসাইকেলের ধাক্কায় আহত হওয়ার দশদিন পর না ফেরার দেশে চলে গেলেন তরুণী গৃহবধূ সাদিয়া পারভীন (২৪)। সাতক্ষীরা মেডিকেল কলেজ হাসপাতালে লাইফ সাপোর্টে থাকা ওই গৃহবধূকে মৃত ঘোষণা করেন কর্তব্যরত চিকিৎসক। নিহত সাদিয়া পারভীন কালিগঞ্জ উপজেলার মথুরেশপুর ইউনিয়নের বসন্তপুর গ্রামের সাংবাদিক ও ব্যবসায়ী তারিকুশ সারাফাতের স্ত্রী। পরিবারের সদস্যরা জানান, গত ১৯মার্চ কম্পিউটার প্রশিক্ষণের উদ্দেশ্যে নলতায় যেয়ে আহছানিয়া মিশন রেসিডেন্সিয়াল কলেজের সামনে বেপরোয়া গতির মোটরসাইকেলের ধাক্কায় আহত হন এক কণ্যা সন্তানের জননী সাদিয়া পারভীন। গুরুতর আহত অবস্থায় তাকে খুলনার একটি বেসরকারি মেডিকেল কলেজ হাসপাতালে এবং পরবর্তীতে সাতক্ষীরা মেডিকেল কলেজ হাসপাতালের আইসিইউতে লাইফ সাপোর্টে রাখা হয়। সেখানে গত শুক্রবার রাত সাড়ে ৭টার দিকে তিনি শেষ নিঃশ্বাস ত্যাগ করেন। গৃহবধূকে ধাক্কা দিয়ে দ্রুত পালিয়ে যাওয়া বখাটে জিসান (১৬) দেবহাটা উপজেলার টাউনশ্রীপুর গ্রামের জাহাঙ্গীর আলমের ছেলে। ঘটনার পর থেকে সে পলাতক রয়েছে বলে জানা গেছে। কালিগঞ্জ থানার অফিসার ইনচার্জ (ওসি) মোঃ হাফিজুর রহমান সড়ক দুর্ঘটনায় আহত গৃহবধূর সাদিয়া পারভীন মারা গেছেন বলে নিশ্চিত করেছেন।

## কাপাসিয়ায় বয়স্ক মহিলাদের কুরআন শিক্ষা কোর্স ও পুরস্কার বিতরণ অনুষ্ঠান

**কাপাসিয়া, গাজীপুর প্রতিনিধি :** গাজীপুরের কাপাসিয়া উপজেলার বৃহত্তম স্বেচ্ছাসেবী সামাজিক সংগঠন ''ভূঁইয়া ফাউন্ডেশন'' এর ব্যবস্থাপনায় এবং ঐতিহ্যবাহী দ্বিনী প্রতিষ্ঠান ভাকোয়াদী রিয়াজুল জান্নাহ্ আদর্শ বালিকা মাদরাসার উদ্যোগে আয়োজিত পবিত্র মাহে রমজান উপলক্ষে বয়স্ক মহিলাদের কুরআন শিক্ষা কর্মসূচী আনুষ্ঠানিকভাবে শেষ হয়েছে। মহাগ্রন্থ আল্ কুরআন শিক্ষা কোর্স সমাপনী উপলক্ষে সকালে মাদরাসা মিলনায়তনে পুরস্কার বিতরণ।



সুন্দর সোনাঝুরি ফুল। কন্ট্রাক্টরপাড়া, রাঙামাটি।



# কভেন্ট্রির সাথে জয় পেলো হামজার শেফিল্ড

**স্পোর্টর্স ডেস্ক :** ক্যারিয়ারে প্রথম আন্তর্জাতিক ম্যাচ খেলে বাংলাদেশ থেকে যুক্তরাজ্য ফিরেই মাঠে নামতে হলো হামজা চৌধুরীকে। বিমানের দীর্ঘ ভ্রমণক্লান্তি কাটিয়ে ওঠার আগে মাঠে নেমেই দলকে জেতাতে রেখেছেন দারুণ ভূমিকা। ইংলিশ লিগ চ্যাম্পিয়নশিপে কভেন্ট্রিকে ৩-১ গোলে হারিয়েছে শেফিল্ড ইউনাইটেড। প্রথম আন্তর্জাতিক ম্যাচ খেলার ৭২ ঘণ্টা পরই মাঠে নামতে হয়েছে বাংলাদেশের তারকা ফুটবলার হামজা চৌধুরীকে। কভেন্ট্রির বিপক্ষে ৩ গোলদাতার তালিকায় হয়তো নাম নেই তার; কিন্তু ম্যাচের ৮৯ মিনিট পর্যন্ত মাঠে ছিলেন এবং অসাধারণ খেলেছেন তিনি। দ্য ইয়র্কশায়ার পোস্ট কভেন্ট্রির বিপক্ষে ম্যাচে শেফিল্ড ইউনাইটেডের খেলোয়াড়দের রেটিং নির্ধারণ করেছে। যেখানে তারা হামজা চৌধুরীকে দিয়েছে ১০ এর মধ্যে ৯ রেটিং। অন্যদের ৭ এর বেশি রেটিং দিতে পারেনি তারা। ৮৯ মিনিট পর্যন্ত মাঠে ছিলেন হামজা চৌধুরী। তিনি খেলেন মূলত ডিফেন্সিভ মিডফিল্ডে। প্রতিপক্ষের একের পর আক্রমণ ঠেকিয়ে দেয়ার সঙ্গে সঙ্গে মিডফিল্ডে বল তৈরি করে দেয়ার কাজটা বেশ নিখুঁতভাবেই করেছেন তিনি। যার ফলে দেখা গেছে, ১৯ মিনিটে গুস্তাভো হ্যামার ফ্রি-কিকে গোল করার পর তার সতীর্থরা অভিনন্দন জানাচ্ছেন হামজা চৌধুরীকেই। ৩০তম মিনিটে ব্যবধান দ্বিগুণ করেছিলেন টাইরেস ক্যাম্পবেল। ৬২তম মিনিটে ৩-০ ব্যবধান তৈরি করেন রিয়ান ব্রেউস্টার। ম্যাচের একেবারে শেষ প্রান্তে, ইনজুরি সময়ে (৯০+২ মিনিটে) জ্যাক রুডনি কভেন্ট্রির হয়ে একটি গোল শোধ করেন। কভেন্ট্রিকে হারিয়ে ইংলিশ লিগ চ্যাম্পিয়নশিপের পয়েন্ট তালিকার শীর্ষে উঠে গেছে শেফিল্ড ইউনাইটেড। ৩৯ ম্যাচ শেষে ৮৩ পয়েন্ট নিয়ে সবার শীর্ষে রয়েছে তারা। ৩৮ ম্যাচে ৮০ পয়েন্ট নিয়ে দ্বিতীয় স্থানে রয়েছে লিডস ইউনাইটেড।

# জয় দিয়ে সিরিজ শুরু করলো নিউজিল্যান্ড

**স্পোর্টর্স ডেস্ক :** তিন ম্যাচের ওয়ানডে সিরিজের প্রথম ম্যাচে পাকিস্তানকে ৭৩ রানের ব্যবধানে পরাজিত করল নিউজিল্যান্ড। আগে ব্যাট করে মার্ক চ্যাপম্যানের সেঞ্চুরি ও মোহাম্মদ আব্বাসের বিশ্বরেকর্ডে ৩৪৪ রান করে স্বাগতিকরা। জবাবে দারুণ সূচনার পরও পাকিস্তান অলআউট হয় ২৭১ রানে। নেপিয়ারে টস জিতে আগে ফিল্ডিং করার সিদ্ধান্ত নেয় পাকিস্তান। নিউজিল্যান্ডের সূচনা ভালো হয় না। ১১ বলে ১ রান করে বিদায় নেন কিউই ওপেনার উইল ইয়ং। নাসিম শাহের শিকার হন তিনি। আরেক ওপেনার নিক কিলি আউট হন দলীয় ২৯ বলে ১৫ রান করে আকিফ জাবেদের বলে বোল্ড হয়ে। ৩৩ রানে দুই ওপেনারকে হারায় নিউজিল্যান্ড। হেনরি নিকোলসকেও দ্রুতই সাজঘরের পথ দেখান আকিফ। ২৫ বলে ১১ রান করে বিদায় নেন নিকোলস। ৫০ রানে তিন উইকেট হারিয়ে ফেলে নিউজিল্যান্ড। তবে তারপরই দলটি পায় বিশাল জুটি। মার্ক চ্যাপম্যান ও ড্যারিল মিচেল ১৯৯ রানের জুটি গড়ে দলকে বিপদ থেকে উদ্ধার করে বিশাল সংগ্রহের দিকে নিয়ে যান। ১৭৪ বলে ১৯৯ রানের জুটি গড়েন চ্যাপম্যান ও মিচেল। মিচেলকে আউট করে অবশেষে এই জুটি ভাঙেন ইরফান খান। ৮৪ বলে ৭৬ রান করেন মিচেল। তার ব্যাট থেকে আসে চারটি করে চার ও ছক্কা। তারপর ক্রিজে নামেন অভিষিক্ত অলরাউন্ডার মোহাম্মদ আব্বাস। আব্বাস নেমেই আরো আক্রমণাত্মক ব্যাটিং শুরু করেন। মাত্র ২৪ বলে হাঁকান অর্ধশতক আর এতেই করে ফেলেন বিশ্বরেকর্ড। অভিষেকে দ্রুততম সেঞ্চুরি হাঁকানোর রেকর্ডটি এখন আব্বাসের দখলে। আগে এই রেকর্ড যৌথভাবে ছিল ভারতের ক্রুনাল পান্ডিয়া ও ওয়েস্ট ইন্ডিজের অ্যালিক অ্যাথানজের দখলে। চ্যাপম্যান ও আব্বাসের জুটিতে আসে মাত্র ১২ বলে ৩১ রানের ক্যামিও জুটি। এই জুটি ভাঙে চ্যাপম্যান আউট হয়ে গেলে। তার আগে সেঞ্চুরি হাঁকিয়ে ফেলেন তিনি। ৯৪ বলে তিন অঙ্ক স্পর্শ করেন চ্যাপম্যান। তিনি থামেন ১৩২ রানে। ১১১ বলের ঝড়ো ইনিংসে হাঁকান ১৩টি চার ও ছয়টি ছক্কা। বিশ্বরেকর্ড গড়ার পর আব্বাস থামেন ৫২ রান করে। ২৬ বলে ২০০ স্ট্রাইকরেটে এই ক্যামিও ইনিংসে তার ব্যাট থেকে আসে তিনটি করে চার ও ছক্কা। ইনিংসের শেষ বলে ক্যাচ আউট হন আব্বাস। নির্ধারিত ৫০ ওভারে নিউজিল্যান্ড সংগ্রহ করে ৯ উইকেটে ৩৪৪ রান। পাকিস্তানের পক্ষে তিনটি উইকেট পান ইরফান। দুইটি করে উইকেট পান আকিফ ও হারিস রউফ। বড় লক্ষ্য তাড়া করতে নেমে পাকিস্তানকে দারুণ সূচনা এনে দেন উসমান খান ও আবদুল্লাহ শফিক। ৭৬ বলে ৮৩ রানের উদ্বোধনী জুটি গড়েন তারা। উসমানকে শিকার করে এই জুটি ভাঙেন নাথান স্মিথ। বিদায়ের আগে উসমান করেন ৩৩ বলে ৩৯ রান। চারটি চার ও দুইটি ছক্কা হাঁকান তিনি। খানিকবাদেই আরেক ওপেনার শফিকও বিদায় নেন ৪৯ বলে ৩৬ রান করেন। ৮৮ রানে দুই ওপেনারকে হারায় পাকিস্তান। তৃতীয় উইকেটে ৭৯ বলে ৭৬ রানের জুটি গড়েন বাবর আজম ও মোহাম্মদ রিজওয়ান। পাকিস্তান অধিনায়ক রিজওয়ানকে শিকার করে এই জুটি ভাঙেন আব্বাস। ৩৪ বলে ৩০ রান করেন রিজওয়ান। চতুর্থ উইকেটে ঝড়ো জুটি পায় পাকিস্তান। ৫৯ বলে ৮৩ রান যোগ করেন বাবর ও আগা সালমান। বাবর আউট হওয়ার মাধ্যমে ভাঙে এই জুটি।



## অবসরের ঘোষণা দিলেন কিউই পেসার ওয়াগনার

**স্পোর্টর্স ডেস্ক :** নিউজিল্যান্ডের ঘরোয়া ক্রিকেট থেকে অবসরের ঘোষণা দিয়েছেন বাঁহাতি পেসার নিল ওয়াগনার। ব্ল্যাকক্যাপসদের ঘরোয়া ক্রিকেটে আর দেখা যাবে না এই পেসারকে। চলমান প্লাঙ্কেট শিল্ডে নর্দার্ন ডিস্ট্রিক্ট বনাম ওটাগোর ম্যাচটি এই বাঁহাতি পেসারের শেষ ঘরোয়া ম্যাচ। গত শুক্রবার ইনস্টাগ্রামে নিজের অবসরের সিদ্ধান্ত জানান ওয়াগনার। সাথে জানিয়েছেন এবার কাউন্টি ক্রিকেট ও অন্যান্য ফ্রাঞ্চাইজি লিগে খেলার দিকে মনোনিবেশ করবেন তিনি। বিদায়ের ঘোষণা দিয়ে ইনস্টাগ্রামে ওয়াগনার বলেন, '১৭ বছর আগে আমি নিউজিল্যান্ডে এসেছিলাম এবং ওটাগোর হয়ে এনডির(নর্দান ডিস্ট্রিক্ট) বিপক্ষে আমার ক্যারিয়ার শুরু করেছিলাম! আগামীকাল নিউজিল্যান্ডে ওটাগোর বিপক্ষে এনডির হয়ে খেলাটি আমার শেষ! বিদেশে যাওয়ার আগে কাউন্টি ক্রিকেট এবং পরবর্তী অভিযানে খেলতে যাব! আমি অত্যন্ত ভাগ্যবান যে এই দুইটি দুর্দান্ত অ্যাসোসিয়েশনের প্রতিনিধিত্ব করতে পেরেছি যারা আমাকে ব্ল্যাকক্যাপ হওয়ার এবং সর্বোচ্চ স্তরে খেলার প্ল্যাটফর্ম দিয়েছে! কিছু অসাধারণ স্মৃতি এবং বছরের পর বছর ধরে আমার সমস্ত বন্ধুদের এবং আমার পরিবারকে অসাধারণ ভালোবাসা এবং সমর্থনের জন্য ধন্যবাদ জানাতে চাই!!' ঘরোয়া ক্রিকেটে এখন পর্যন্ত ২১১ ম্যাচে ৮৪১ উইকেট শিকার করেছেন ওয়াগনার। ইনিংসে পাঁচ উইকেট বা ততোধিক উইকেট পেয়েছেন ৩৬ বার। দশ উইকেট নিয়েছেন দুই বার। ২০২৪ সালে টেস্ট ক্রিকেটকে বিদায় বলা ওয়াগনার নিউজিল্যান্ডের হয়ে সাদা বলে কোন সুযোগ পাননি। তবে লাল বলে উজ্জ্বল ছিলেন তিনি। দেশের হয়ে ৬৪ টেস্টে ওয়াগনার নিয়েছেন ২৬০ উইকেট। ইনিংসে পাঁচ বা ততোধিক উইকেট নিয়েছেন ৯ বার। আছে ৭ উইকেট শিকারের কীর্তি। ব্যাট হাতে করেছেন ৮৭৫ রান। তার মধ্যে একটি ফিফটিও রয়েছে।

# চাকরি খোয়ালেন ব্রাজিল কোচ দরিভাল জুনিয়র

**স্পোর্টর্স ডেস্ক :** বিশ্বকাপ বাছাই পর্বে আর্জেন্টিনার কাছে ৪-১ গোলে বিধ্বস্ত হওয়ার জেরে চড়া মূল্য দিতে হলো কোচ দরিভাল জুনিয়রকে। গত শুক্রবার তার কাছে এই হারের ব্যাখ্যা দাবি করে ব্রাজিল ফুটবল কনফেডারেশন (সিবিএফ)। এরপরই তাকে বরখাস্তের কথা ঘোষণা করে সিবিএফ। এক সংবাদ বিজ্ঞপ্তিতে এ কথা জানিয়েছে দেশটির ফুটবল কর্তৃপক্ষ। গত বুধবার বিশ্বকাপ বাছাই পর্বে লাতিন আমেরিকা অঞ্চলে বুয়েন্স আয়ার্সে মুখোমুখি হয় ব্রাজিল এবং আর্জেন্টিনা। লিওনেল মেসি এবং অন্যতম সেরা স্ট্রাইকার লওতারো মার্টিনেজকে ছাড়াই এই ম্যাচে ব্রাজিলকে ৪-১ গোলে বিধ্বস্ত করে স্বাগতিকরা। বিশ্বকাপ বাছাই পর্বে ব্রাজিল এতবড় পরাজয় আর কখনো দেখেনি। সংবাদ মাধ্যমে পাঠানো বিবৃতিতে সিবিএফ লিখেছে, 'ব্রাজিল ফুটবল



কনফেডারেশন ঘোষণা করছে যে, কোচ দরিভাল জুনিয়র আর ব্রাজিল জাতীয় ফুটবল দলের ইন-চার্জ হিসেবে থাকছেন না। বোর্ড তাকে ধন্যবাদ জানিয়েছে এবং তার পেশাদার ক্যারিয়ার যেন আরও সুন্দর ও সাফল্যমন্ডিত হয় সে শুভকামনা জানিয়েছে। এখন থেকে সিবিএফ নতুন একজন কোচ নিয়োগ দেয়ার প্রক্রিয়া শুরু করবে।' আর্জেন্টিনার কাছে বিধ্বস্ত হওয়ার পরই অবশ্য দরিভাল জুনিয়র এর জন্য সম্পূর্ণ দায় নিজের কাঁধে নিয়েছিলেন। একই সঙ্গে এটাও জানিয়েছিলেন, এই অবস্থা থেকে দলের উত্তরণ ঘটাতে চান। কিন্তু সে সুযোগ আর তিনি পেলেন না। আর্জেন্টিনার কাছে পরাজয়ের পরই গুঞ্জন ওঠে দরিভালকে হয়তো আর কোচ হিসেবে রাখবে না ব্রাজিল। গত শুক্রবার তার সঙ্গে সিবিএফ সভাপতি এডনাল্ডো রদ্রিগেজের যে বৈঠক হতে যাচ্ছে, সেখানেই হয়তো তাকে 'না' করে দেয়া হবে। সে গুঞ্জনটাই শেষ পর্যন্ত সত্যি প্রমাণ হলো। ২০২৪ সালে ফার্নান্দো দিনিজের কাছ থেকে ব্রাজিল দলের দায়িত্ব নেন তিনি। এরপর তার অধীনে ১৬ ম্যাচ খেলে ব্রাজিল। যার মধ্যে ৭টি জয়, ৭টি ড্র করেছে ব্রাজিল, হেরেছে কেবল ২টিতে। লাতিন আমেরিকা ফুটবল বাছাইয়ে এখনও ব্রাজিল আগামী বিশ্বকাপ খেলা নিশ্চিত করতে পারেনি। তালিকায় তারা রয়েছে ৪র্থ স্থানে। মোট ৬টি দল সরাসরি যুক্তরাষ্ট্র-মেক্সিকো এবং কানাডা বিশ্বকাপে খেলার সুযোগ পাবে। দরিভালের সবচেয়ে বড় দুর্ভাগ্য হলো, ব্রাজিল দলের দায়িত্ব পালনকালে তিনি দেশটির সব সময়ের সর্বোচ্চ গোলদাতা নেইমারের কোনো সার্ভিস পাননি। তাকে নিজের অধীনে একটি ম্যাচেও পাননি দরিভাল। ইনজুরির কারণে এই পুরোটা সময়ই মাঠের বাইরে ছিলেন সাবেক বার্সেলোনা, পিএসজি তারকা।

# কর জালিয়াতির অভিযোগে কাঠগড়ায় আনচেলত্তি

**স্পোর্টর্স ডেস্ক :** বিচারের মুখোমুখি হচ্ছেন রিয়াল মাদ্রিদের কোচ কার্লো আনচেলত্তি। কর জালিয়াতির অভিযোগে করা একটি মামলায় আগামী বুধবার তার শুনানি অনুষ্ঠিত হবে। গত শুক্রবার বিষয়টি নিশ্চিত করেছেন মামলা পরিচালনাকারী মাদ্রিদের একটি আদালত। স্পেনের কর কর্তৃপক্ষের কাছে প্রকৃত আয়ের পরিমাণ ঘোষণা না করায় আনচেলত্তির বিরুদ্ধে এ মামলা দায়ের করা হয়। স্প্যানিশ প্রসিকিউটররা আনচেলত্তির চার বছর নয় মাসের কারাদণ্ড চেয়ে আবেদন করেছেন। ৬৫ বছর বয়সী এই ইতালিয়ান কোচের বিরুদ্ধে ২০১৪ এবং ২০১৫ সালে চিত্রস্বত্ব (ইমেজ রাইটস) থেকে অর্জিত আয় গোপন করে স্প্যানিশ অর্থ বিভাগের এক মিলিয়নের বেশি ইউরো বিনষ্টের অভিযোগ তুলেছেন তারা। আগামী ৩ এপ্রিলের এ শুনানি দুই দিন ধরে চলবে বলে আশা করা হচ্ছে। আদালতের মুখপাত্র জানিয়েছেন, আনচেলত্তিকে শুনানিতে উপস্থিত থাকতে হবে। প্রসিকিউটরদের দাবি, আনচেলত্তি স্পেনে বসবাসের সময় শুধু রিয়াল মাদ্রিদ থেকে প্রাপ্ত বেতনকে নিজের আয় ঘোষণা করেছিলেন এবং মাদ্রিদকেই অফিসিয়াল ঠিকানা হিসেবে উল্লেখ করেছিলেন। কিন্তু জটিল শেল কোম্পানির নেটওয়ার্ক ব্যবহার করে চিত্রস্বত্ব ও অন্যান্য উৎস; যেমন, রিয়েল এস্টেট থেকে প্রাপ্ত অতিরিক্ত আয় গোপন করেছেন। প্রসিকিউশনের মতে, আনচেলত্তি ২০১৪ সালে চিত্রস্বত্ব বিক্রি থেকে ১.২৪ মিলিয়ন ইউরো এবং ২০১৫ সালে ২.৯৬ মিলিয়ন ইউরো আয় করেছিলেন। ২০২৩ সালে একটি স্প্যানিশ আদালত বিচার শুরু করার আদেশ দিলেও তারিখ তখনো নির্ধারিত হয়নি। আনচেলত্তি এর আগে এই মামলাকে 'পুরোনো বিষয়' বলে অভিহিত করেছিলেন এবং বলেছিলেন, 'আমি আশা করি এটি শীঘ্রই সমাধান হবে।'



ইতালিয়ান এই কোচ প্রথম ২০১৩ সালে রিয়ালের দায়িত্ব নেন এবং ২০১৫ সালের মে মাসে দল ছেড়ে দেন। পরে বায়ার্ন মিউনিখ, নাপোলি এবং এভারটনের কোচিং করান। এরপর ২০২১ সালে ফের মাদ্রিদে ফিরে আসেন। স্পেনের কর্তৃপক্ষ সাম্প্রতিক বছরগুলোতে হাই-প্রোফাইল ফুটবলার এবং সেলিব্রিটিদের জড়িত কর ফাঁকির বিরুদ্ধে কঠোর ব্যবস্থা নিচ্ছে। সে ধারাবাহিকতায় আনচেলত্তির বিরুদ্ধে এমন অভিযোগ তুলেছে। এর আগে লিওনেল মেসি ও ক্রিশ্চিয়ানো রোনালদো কর ফাঁকির দায়ে দোষী সাব্যস্ত হয়েছিলেন। তবে প্রথমবার এ অপরাধ করায় তাদের সাজা মওকুফ করা হয়। এছাড়া সাবেক রিয়াল মাদ্রিদ কোচ হোস মরিনহো ২০১৯ সালে কর ফাঁকির দায়ে এক বছরের জন্য বরখাস্ত হন। ২০২৩ সালে কলম্বিয়ান গায়িকা শাকিরা কর ফাঁকির মামলায় তিন বছরের বরখাস্ত হন এবং ৭.৩ মিলিয়ন ইউরো জরিমানাও দেন। আনচেলত্তি ফুটবল ইতিহাসের অন্যতম সফল কোচ।

## আইটি

# আর নিরাপদ নয় হোয়াটসঅ্যাপ!


**আইটি ডেস্ক :** হোয়াটসঅ্যাপ আর নিরাপদ নেই! হ্যাকিং, ডেটা চুরি বা ম্যালওয়্যার আক্রমণের মতো সমস্যাগুলো দিন দিন বাড়ছে। হোয়াটসঅ্যাপে সক্রিয় হয়ে উঠেছে এই চক্রটি। হ্যাকারদের ফাঁদ পাতার বিষয়টা নতুন নয়। এক্সক্লুসিভ অফার, ইনস্ট্যান্ট ক্যাশব্যাকের মতো লোভনীয় সব প্রস্তাব দিয়ে বোকা বানানো হচ্ছে ইউজারদের। এবার ওটিপি কোডের মাধ্যমে পাতা হচ্ছে নতুন ফাঁদ। অসতর্ক হলেই হবে সর্বনাশ। ঘনিষ্ঠ আত্মীয়, বন্ধুবান্ধবদের পক্ষ থেকে পাঠানো হয় একটি ওটিপি কোড। সঙ্গে বার্তা, 'ভুল করে একটা কোড পাঠিয়ে ফেলেছি তোমার নম্বরে। দয়া করে এটা ফরোয়ার্ড করো।' আর এই ফাঁদে পা দিলেই সঙ্গে সঙ্গে ওই ইউজারের হোয়াটসঅ্যাপের পুরো দখলটাই চলে যাবে হ্যাকারদের হাতে। কাজেই সতর্ক থাকুন। অন্যথায় বড়সড় বিপদে পড়তে পারেন।




**কীভাবে বুজবেন হোয়াটসঅ্যাপ হ্যাক হয়েছে** কোনও রহস্যময় ওটিপি ও এসএমএস পেলে। কোনো হুঁশিয়ারি ছাড়াই হোয়াটসঅ্যাপ থেকে লগআউট হয়ে গেলে। বন্ধুর আইডি থেকে এমন বার্তা পেলেন যা রহস্যময়। কোনোভাবেই হোয়াটসঅ্যাপে ঢুকতে না পারলে। **কি করবেন কি করবেন না** কখনও নিজের ওটিপি শেয়ার করবেন না। মনে রাখবেন ওটিপি কেবল আপনারই জন্য। কোনো সংস্থা বা অন্য কেউই তা চাইতে পারে না। এনাবেল করে রাখুন টু-স্টেপ ভ্যারিফিকেশন। কোনও বন্ধুর থেকে রহস্যময় বার্তা পেলে বিশ্বাস করবেন না।তাকে সরাসরি ফোন করে জেনে নিবেন। লিঙ্কড ডিভাইসগুলিকে নিয়মিত চেক করুন। কোনো রকম সন্দেহজনক অ্যাক্টিভিটি দেখলে রিপোর্ট করুন। প্রয়োজনে বদলে ফেলুন প্রাইভেসি সেটিংস। কোনো অচেনা নম্বর যাতে আপনাকে হুটহাট কোনো হোয়াটসঅ্যাপ গ্রুপে যোগ করতে না পারে, তা নিশ্চিত করুন।

## প্লে স্টোর থেকে ক্ষতিকর অ্যাপ সরালো গুগল

**আইটি ডেস্ক :** আজকের স্মার্টফোন যুগে অ্যাপ ছাড়া জীবন প্রায় অকল্পনীয়। কিন্তু জানেন কি? কিছু অ্যাপ আপনার ব্যক্তিগত তথ্য চুরি করতেও পারে! সম্প্রতি গুগল ৩৩১টি ক্ষতিকর অ্যাপ চিহ্নিত করে প্লে স্টোর থেকে সরিয়ে ফেলেছে। এই অ্যাপগুলো ৬ কোটিরও বেশি বার ডাউনলোড হয়েছে এবং ব্যবহারকারীদের গোপন তথ্য ফাঁসের আশঙ্কা তৈরি করেছিল। গুগল জানিয়েছে, এই অ্যাপগুলো অ্যান্ড্রয়েড ১৩-এর নিরাপত্তা ব্যবস্থাকে বাইপাস করে ব্যবহারকারীদের ফোনে ক্ষতিকর ভাইরাস প্রেরণ করছিল। যার ফলে ব্যক্তিগত তথ্য, পাসওয়ার্ড, এমনকি ব্যাংকিং ডিটেলসও চুরি হওয়ার ঝুঁকি ছিল। বিশেষজ্ঞদের মতে, "ভ্যাপার অপারেশন"নামের একটি ক্যাম্পেইনের আওতায় সাইবার অপরাধীরা অ্যাপগুলোকে বিজ্ঞাপন জালিয়াতির জন্য ব্যবহার করছিল। রিপোর্ট অনুযায়ী, এই অপারেশনে ১৮০টির বেশি অ্যাপ জড়িত ছিল, যা প্রতিদিন ২০ কোটিরও বেশি ভুয়া বিজ্ঞাপনের অনুরোধ তৈরি করত। নিরাপত্তা সংস্থা বিটডিফেন্ডার জানায়, ৩৩১টি ক্ষতিকর অ্যাপের মধ্যে কিছু জনপ্রিয় অ্যাপ ছিল - । এই অ্যাপগুলোর ডাউনলোড সংখ্যা ১ লাখ থেকে ৫ লাখ পর্যন্ত ছিল। **কীভাবে সুরক্ষিত থাকবেন?** *প্লে স্টোর থেকে অ্যাপ ডাউনলোড করার আগে রিভিউ ও অনুমতিগুলো ভালোভাবে চেক করুন। *সন্দেহজনক বা অপ্রয়োজনীয় অ্যাপগুলো ফোন থেকে সরিয়ে ফেলুন। *সর্বদা ফোনের অপারেটিং সিস্টেম ও নিরাপত্তা সফটওয়্যার আপডেট রাখুন।





# ফোন হারিয়ে গেছে? খুঁজে দিবে গুগল

**আইটি ডেস্ক :** আইফোনে একটি বড় সুবিধা রয়েছে। সেটা হচ্ছে আইফোন হারিয়ে গেলে ফাইন্ড মাই ডিভাইস ফিচারের মাধ্যমে জানা যায় ফোনটি কোথায় আছে। এবার অ্যাপলের মতোই ডিভাইস ট্র্যাক করার সুবিধা দিতে চলেছে গুগল। তার জন্য অবশ্যই ব্যবহার করতে হবে ফাইন্ড মাই ডিভাইস নেটওয়ার্ক। শুধু তা-ই নয়, এই ফিচারের মাধ্যমে অন্যদের লোকেশনও ট্র্যাক করা যাবে। চলতি মাসে নতুন আপডেটের সঙ্গে গুগলের ফাইন্ড মাই-এর সম্পূর্ণ ডিভাইস অংশটাই বদলে গিয়েছে। প্রতিবেদন থেকে জানা যাচ্ছে যে, ধরা যাক, ব্যবহারকারীর কোনো বন্ধু কিংবা পরিবারের সদস্য তার সঙ্গে লোকেশন শেয়ার করেছেন। এখন থেকে ফাইন্ড মাই ডিভাইস সেই লোকেশনের ম্যাপ প্রদর্শন করবে। মার্চ মাস থেকেই এই আপডেট চালু করেছে গুগল। আর একাধিক ব্যবহারকারী এখন এই সুবিধাটি পাচ্ছেন। কন্ট্যাক্টের জন্য ফাইন্ড মাই ডিভাইস কীভাবে এটি কাজ করে? শুধুমাত্র পিক্সেল ডিভাইসের মধ্যেই সীমাবদ্ধ নেই এই অ্যান্ড্রয়েডের আপডেট। বেশিরভাগ ফোন এরই মধ্যেই ফাইন্ড মাই ডিভাইস অ্যাপে অন্যদের লোকেট করার ফিচারকে সাপোর্ট করে। ডিভাইসের পাশেই বটম ট্যাবে এই ফিচার শো করবে। যেখানে ব্যবহারকারী অ্যাপে পিপল দেখতে শুরু করবেন। এই ফিচার বলবে যে, নিজের পরিবার এবং আত্মীয়দের সঙ্গে নিজের রিয়েল-টাইম লোকেশন শেয়ার করুন। ফলে ব্যবহারকারীরা গুগল অ্যাপ এবং পরিষেবার মধ্যে থাকা নিজেদের আত্মীয় বা বন্ধুদের শেয়ার করা লোকেশন দেখতে পাবেন। এটা অনেকটা হোয়াটসঅ্যাপের অফার করা লাইভ লোকেশন ফিচারের মতোই। ব্যবহারকারী কতক্ষণ শেয়ার্ড কন্ট্যাক্টের সঙ্গে লোকেশন শেয়ার করে নিতে চাইছেন, সেটাও নির্ধারণ করতে পারবেন। ফাইন্ড মাই অ্যান্ড্রয়েড অ্যাপে এই নতুন পরিবর্তন আমরা স্বাধীন ভাবে ভেরিফাই করতে পারব। আর প্রত্যাশিত ভাবেই সেটা কাজ করবে।

# নতুন ফিচার নিয়ে এলো ওপেনএআই

**আইটি ডেস্ট :** চ্যাটজিপিটিতে এখন থেকে ব্যবহারকারীরা ছবি এডিটিং ও ভিজ্যুয়াল কনটেন্ট তৈরি করতে পারবে। ওপেনএআই চ্যাটজিপিটির জন্য নতুন এই আপডেটটি নিয়ে এসেছে।এখন ব্যবহারকারীরা সহজেই চ্যাটবটের সাথে কথোপকথনের মাধ্যমে ছবি তৈরি ও এডিটিং করতে পারবে। উদাহরণস্বরূপ, কেউ যদি একটি বিড়ালের ছবি চান যা একটি ঘরের মেঝেতে রয়েছে চ্যাটজিপিটি তা তৈরি করে দিবে এবং পরবর্তীতে আপনি যদি এই ছবিটিকে একটু পরিবর্তন করেন যেমন বিড়ালটির কালার লাল, মাথায় থাকবে টুপি ইত্যাদি, চ্যাটজিপিটি সেই ছবিটিকে আবার আপনার নির্দেশনা অনুযায়ী এডিট করে দিবে। এই ফিচারের আরেকটি গুরুত্বপূর্ণ দিক হলো, এখন চ্যাটজিপিটি পাঠ্যসহ আরও সুস্পষ্ট ও পাঠযোগ্য ভিজ্যুয়াল কনটেন্ট তৈরি করতে পারবে। এর মধ্যে রয়েছে ডায়াগ্রাম, ইনফোগ্রাফিকস এবং লোগো, যা বিশেষ করে পেশাদার কাজের জন্য উপযোগী। উদাহরণস্বরূপ, কেউ যদি একটি কাস্টম মেনুর ফটোরিয়ালিস্টিক ছবি তৈরি করতে চান, তাহলে চ্যাটবট তা সহজেই করতে পারবে। একইভাবে, মানচিত্র তৈরির ক্ষেত্রেও এটি ব্যবহারকারীদের সাহায্য করতে পারবে। ওপেনএআই-এর এই আপডেটের ফলে চ্যাটজিপিটি এখন আরও উন্নত একটি অ্যাপে পরিণত হচ্ছে, যা সার্চ ইঞ্জিন, ভয়েস অ্যাসিস্ট্যান্ট এবং ভিডিও জেনারেটরের মতো ফিচার সংযুক্ত করেছে। নতুন ইমেজ ফিচারগুলি ব্যক্তিগত এবং পেশাদার উভয় ক্ষেত্রেই ব্যবহারকারীদের জন্য উপযোগী হতে পারে। ব্যবহারকারীরা এখন সহজেই তাদের প্রয়োজন অনুযায়ী ভিজ্যুয়াল কনটেন্ট তৈরি ও সম্পাদনা করতে পারবেন, যা তাদের কাজকে আরও কার্যকর ও সৃজনশীল করবে। তবে, অন্যান্য এআই সিস্টেমের মতো, চ্যাটজিপিটি-ও মাঝে মাঝে ভুল তথ্য দিতে পারে। উদাহরণস্বরূপ, এটি ছবি তৈরির সময় ভুল দেশের নাম ব্যবহার করতে পারে। ওপেনএআই জানিয়েছে যে, কম বিস্তারিত প্রম্পটের ক্ষেত্রে এই ধরনের ভুল হওয়ার সম্ভাবনা বেশি। এছাড়াও, ছোট আকারের টেক্সট এবং নন-ল্যাটিন অক্ষর তৈরির ক্ষেত্রেও কিছু সীমাবদ্ধতা রয়েছে। এই আপডেটের মাধ্যমে ওপেনএআই তাদের প্রতিদ্বন্দ্বীদের থেকে এগিয়ে থাকার চেষ্টা করছে।

বর্তমানে, ইলন মাস্কের ীঅও-এর মতো অন্যান্য কোম্পানিগুলিও চ্যাটবট ও ইমেজ জেনারেশন প্রযুক্তিতে উন্নতি করছে। তাই ওপেনএআই তাদের সফটওয়্যারকে আরও কার্যকর করতে এবং ব্যবহারকারীদের আরও বেশি সুবিধা দিতে এই আপডেটটি নিয়ে এসেছে। চ্যাটজিপিটি-তে এই নতুন ইমেজ ফিচার সংযুক্ত হওয়ার ফলে এটি কেবল একটি সাধারণ চ্যাটবট নয়, বরং একটি বহুমুখী টুল হয়ে উঠেছে। এটি ব্যক্তিগত ব্যবহারের পাশাপাশি পেশাদার ক্ষেত্রেও ব্যবহারের সুযোগ সৃষ্টি করেছে। উদাহরণস্বরূপ, একজন ব্যবসায়ী তার পণ্যের জন্য একটি লোগো তৈরি করতে চাইলে, চ্যাটজিপিটি সহজেই সেটি তৈরি করতে পারবে। আবার, একজন শিক্ষার্থী যদি একটি ইনফোগ্রাফিক তৈরি করতে চান, তবে চ্যাটবট তাকে সহায়তা করতে পারবে। তবে, ব্যবহারকারীদের এই ফিচার ব্যবহারের সময় কিছু বিষয় মাথায় রাখা উচিত। যেহেতু এআই এখনও নিখুঁত নয়, তাই তৈরি করা চিত্রগুলোতে মাঝে মাঝে ভুল থাকতে পারে। ব্যবহারকারীদের উচিত প্রতিটি ছবি যাচাই করা এবং প্রয়োজন হলে সংশোধন করা। ওপেনএআই-এর মতে, তারা এই সমস্যাগুলো সমাধানের জন্য কাজ করছে এবং ভবিষ্যতে আরও উন্নত ইমেজ জেনারেশন ফিচার যুক্ত করা হবে। বর্তমানে, এই ফিচারটি বিভিন্ন ভাষায় কাজ করলেও, কিছু ক্ষেত্রে নন-ল্যাটিন অক্ষর সঠিকভাবে তৈরি করতে সমস্যা হতে পারে। তাই ওপেনএআই এই বিষয়েও গবেষণা চালিয়ে যাচ্ছে, যাতে ভবিষ্যতে এটি আরও কার্যকরভাবে কাজ করতে পারে।




## এবার হোয়াটসঅ্যাপের সঙ্গে যুক্ত করা যাবে ইনস্টাগ্রাম

**আইটি ডেস্ক :** হোয়াটসঅ্যাপে ব্যবহারকারীদের নিরাপত্তায় নানান ফিচার যুক্ত করেছে প্ল্যাটফর্মটি। হোয়াটসঅ্যাপে সারাক্ষণ অসংখ্য চ্যাট করছেন, অডিও, ভিডিও কলে যুক্ত হচ্ছেন। হোয়াটসঅ্যাপ এবার আনতে চলেছে নতুন চমক! এবার হোয়াটসঅ্য়াপের সঙ্গে লিঙ্ক করতে পারবেন ইনস্টাগ্রাম প্রোফাইল। সব বয়সী ব্যবহারকারী রয়েছে হোয়াটসঅ্যাপ, ইনস্টাগ্রামের। কাজের ফাঁকে একমুহূর্ত সময় পেলেই ঢুঁ মারেন হোয়াটসঅ্যাপ, ফেসবুক বা ইনস্টাগ্রামে। আগেই ফেসবুকের সঙ্গে যুক্ত হয়েছিল ইনস্টাগ্রাম। ফলে ব্যবহার সহজ হয়েছিল। এবার হোয়াটসঅ্যাপের সঙ্গে লিঙ্ক করা যাবে ইনস্টাগ্রামের লিঙ্ক। প্রোফাইল ছবি, নামের পাশেই অ্যাড করা যাবে ইনস্টাগ্রাম প্রোফাইলের লিংক। অর্থাৎ এবার থেকে কারো হোয়াটসঅ্যাপ নম্বর জানা থাকলেই নাগালে এসে যাবে ইনস্টা প্রোফাইল! তবে এতে নিরাপত্তার কোনো ঘাটতি হবে না। প্রোফাইল লিঙ্ক যুক্ত করা গেলেও আপনি চাইলেই তা নির্দিষ্ট কিছু মানুষই তা দেখতে পাবেন। ঠিক যেমন প্রোফাইল ছবি, স্ট্যাটাসের ক্ষেত্রে থাকে, এভরিওয়ান, মাই কন্ট্যাক্টস, মাই কন্ট্যাক্টস এক্সেপ্ট অপশন। ক্ষেত্রেও তেমনই থাকবে। অর্থাৎ আপনি যাদের দেখাতে চাইবেন, কেবল তারাই দেখতে পাবেন আপনার ইনস্টাগ্রাম আইডির লিঙ্ক। এরইমধ্যে পরীক্ষামূলকভাবে চালু হয়েছে এই ফিচার। তবে তা বিটা ভার্সনে ব্যবহার করা যাচ্ছে।

# ফেসবুকে ব্যক্তিগত তথ্যের ব্যবহার বন্ধে আইনি লড়াই

**আইটি ডেস্ক :** ফেসবুক ব্যবহারকারীদের জন্য নতুন দৃষ্টান্ত তৈরি করলেন লন্ডনের প্রযুক্তি নীতি ও মানবাধিকার কর্মী তানিয়া ও'ক্যারল। তিনি আইনি লড়াইয়ের মাধ্যমে মেটাকে বাধ্য করেছেন তার ব্যক্তিগত তথ্য ব্যবহার করে টার্গেটেড বিজ্ঞাপন প্রচার বন্ধ করতে। তানিয়া ও'ক্যারল ২০২২ সালে মেটার বিরুদ্ধে মামলা করেন, যেখানে তিনি ব্যক্তিগত ডাটা ব্যবহারের বিরুদ্ধে আপত্তি জানান। তার দাবি ছিল, ফেসবুক গোপনে ব্যবহারকারীদের তথ্য বিশ্লেষণ করে তাদের পছন্দ অনুযায়ী বিজ্ঞাপন দেখায়, যা ব্যক্তিগত গোপনীয়তার লঙ্ঘন। যুক্তরাজ্যের তথ্য কমিশনারের অফিস (আইসিও) জানিয়েছে, অনলাইন টার্গেটেড বিজ্ঞাপনকে সরাসরি বিপণনের অংশ হিসেবে বিবেচনা করা উচিত। যদিও মেটা দাবি করেছে, তারা ন্যূনতম ১০০ জনের গ্রুপকে লক্ষ্য করে বিজ্ঞাপন প্রচার করে, তাই এটি সরাসরি বিপণনের আওতায় পড়ে না। তবে আইসিও মেটার এ ব্যাখ্যার সঙ্গে একমত নয়। ও'ক্যারল জানান, ২০১৭ সালে তিনি গর্ভবতী হওয়ার পর তার ফেসবুক অ্যাকাউন্টে হঠাৎ মাতৃত্ব ও শিশু সম্পর্কিত বিজ্ঞাপন আসতে শুরু করে। অথচ তিনি তখনও তার গর্ভধারণের তথ্য কারও সঙ্গে শেয়ার করেননি। এটি তার জন্য অস্বস্তিকর হয়ে ওঠে এবং তিনি আইনি পদক্ষেপ নেওয়ার সিদ্ধান্ত নেন। ও'ক্যারলের মামলা শেষ পর্যন্ত সফল হয় এবং মেটা তার ব্যক্তিগত ডাটা ব্যবহার বন্ধ করতে সম্মত হয়। তিনি জানান, আমি এখন সমস্ত টার্গেটেড বিজ্ঞাপন বন্ধ করতে পেরেছি, তবে ফেসবুক ছাড়তে চাই না, কারণ এটি আমার জীবনের গুরুত্বপূর্ণ অংশ। মেটা জানিয়েছে, তাদের প্ল্যাটফর্ম বিজ্ঞাপনের মাধ্যমেই চলে, তবে তারা যুক্তরাজ্যে বিজ্ঞাপনমুক্ত সাবস্ক্রিপশন সেবা চালুর বিষয়টি বিবেচনা করছে।

